# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

বাংলাদেশ বেতার

Chaitra 27, 1430 Bangla, April 10, 2024, Wednesday, No. 101, 54th year

# H I G H L I G H T S

AL GS Obaidul Quader has said BNP is the enemy of the country's democracy and an internationally recognized terrorist organization. (Jago FM: 15)

Foreign Minister Dr. Hasan Mahmud has said, just as there should be student politics in BUET, the environment for education should also be maintained. (Jago FM: 16)

State Minister for Shipping Khalid Mahmud Chowdhury has said it is likely that the 23 abducted sailors of MV Abdullah will be brought back within this month. (Jago FM: 17)

BNP Standing Committee Member Dr. Abdul Moin Khan has said BNP has never instigated cookie-chin, rather the govt. is making baseless statements regarding this issue. (R. Today: 13)

The Bangladesh Bureau of Statistics (BBS) reported that the nation's inflation rate reached 9.81% in March, up from 9.67% in February. (VOA: 08)

US State Department Spokesperson Matthew Miller has denied the accusation that US ambassador Peter Haas was in hiding just before BD's immediate past general election due to alleged Indian pressure. (R. Today: 13)

To reform the banking sector, the process of merging weak banks with stronger ones is underway. But there is doubt whether the decision of merging is being imposed. (BBC: 03)

On the eve of Eid-ul-Fitr, unscrupulous bus owner-drivers have resorted to the anarchy of collecting extra fare. The passenger welfare platform predicts, during this time, holidaymakers have to spend nearly Tk. 20,000 crore extra transport costs. (DW: 12)

52 arrested individuals, suspected to be members of KNF, have been sent to jail in a case filed over robbing banks, looting firearms, and kidnapping of a bank manager in Bandarban recently. (Jago FM: 18)

During Eid journey, the south-bound vehicles have to wait for 30 to 40 minutes to cross toll plaza at Padma Bridge, while a long tailback on Dhaka-Tangail-Bangabandhu Bridge Highway has caused immense suffering to thousands of homebound people. (R. Today: 13)

Eight people died in separate road accidents in Mymensingh, including three from the same family. (R. Today: 14)


| **Director: 44813046** | **Deputy News Controller: 44813048<br>44813179** | **Assistant News Controller: 44813047<br>44813178** |
|---|---|---|

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**চৈত্র ২৭, বাংলা ১৪৩০, এপ্রিল ১০, ২০২৪, বুধবার, নং- ১০১, ৫৪তম বছর**

# শিরোনাম

আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের বলেছেন, বিএনপি এ দেশের গণতন্ত্রের শত্রু ও আন্তর্জাতিকভাবে চিহ্নিত একটি সন্ত্রাসী দল। (জাগো এফএম: ১৫)

পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ বলেছেন, বুয়েটে যেমন অবশ্যই ছাত্ররাজনীতি থাকা উচিত, তেমনি শিক্ষার পরিবেশ যেনো বজায় থাকে সেদিকেও লক্ষ রাখতে হবে। (জাগো এফএম: ১৬)

সোমালিয়ার জলদস্যুদের হাতে বন্দি ২৩ জন নাবিকসহ জাহাজ এমভি আবদুল্লাহ চলতি মাসেই উদ্ধার করা সম্ভব হবে বলে জানিয়েছেন নৌ-পরিবহন প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী। (জাগো এফএম: ১৭)

বিএনপি'র স্থায়ী কমিটির সদস্য ড. আব্দুল মঈন খান বলেছেন, বিএনপি'র কুকী-চীনকে উসকে দেয়ার সুযোগ নেই; সরকার বিএনপিকে জড়িয়ে ভিত্তিহীন বক্তব্য দিচ্ছে। (রে. টুডে: ১৩)

দেশে চলতি বছরের মার্চে মূল্যস্ফীতি বেড়ে ৯ দশমিক ৮১ শতাংশে দাঁড়িয়েছে বলে জানিয়েছে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)। (ভোয়া: ০৮)

বাংলাদেশের দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের আগে ভারতীয় চাপে পড়ে ঢাকার মার্কিন রাষ্ট্রদূত পিটার হাসের গা ঢাকা দেওয়ার অভিযোগটি সঠিক নয় বলেছেন মার্কিন পররাষ্ট্র দপ্তরের মুখপাত্র ম্যাথু মিলার। (রে. টুডে: ১৩)

ব্যাংকিং খাত সংস্কারের লক্ষ্যে দুর্বল ব্যাংকগুলোকে সবল ব্যাংকের সাথে একীভূত করার প্রক্রিয়া চলছে। কিন্তু যেসব ভালো ব্যাংকের সাথে দুর্বল ব্যাংকগুলোকে একীভূত করা হচ্ছে, তা চাপিয়ে দেয়া হচ্ছে কিনা, তা নিয়ে সংশয় রয়েছে। (বিবিসি: ০৩)

ইদে ঘরমুখো মানুষের ঢলকে কাজে লাগিয়ে আদায় করা হচ্ছে নির্দিষ্ট ভাড়ার চেয়ে অনেক বেশি ভাড়া। যাত্রী কল্যাণ সমিতির আশঙ্কা, এবার ইদের আগে অন্তত ২০ হাজার কোটি টাকা বাড়তি ভাড়া আদায় করবে বিভিন্ন যানবাহন। (ডয়েচে ভেলে: ১২)

বান্দরবানের রুমা ও থানচিতে ডাকাতির ঘটনায় গ্রেফতার সশস্ত্র গোষ্ঠী কুকি-চিন ন্যাশনাল ফ্রন্ট (কেএনএফ)-এর ৫২ সদস্যকে কারাগারে পাঠানো হয়েছে। (জাগো এফএম: ১৮)

ঈদ যাত্রায় ঢাকা থেকে ছেড়ে আসা খুলনা গামী গাড়িগুলোকে পদ্মা সেতুর টোল প্লাজায় তীব্র যানজটের কারণে টোল প্লাজা পার হতে অপেক্ষা করতে হচ্ছে ৩০ থেকে ৪০ মিনিট পর্যন্ত। এদিকে ঢাকা-টাঙ্গাইল মহাসড়কে ২৫ কিলোমিটার পর্যন্ত যানজটের সৃষ্টি হয়েছে। (রে. টুডে: ১৩)

ময়মনসিংহে পৃথক তিনটি সড়ক দুর্ঘটনায় একই পরিবারের তিনজনসহ ৮ জন নিহত হয়েছেন। (রে. টুডে: ১৪)

# বিবিসি

## কেনো দুর্বল ব্যাংককে সাথে নিতে রাজি হচ্ছে ভালো ব্যাংক?

বাংলাদেশের ব্যাংকিং খাত সংস্কারের লক্ষ্যে দুর্বল ব্যাংকগুলোকে সবল ব্যাংকের সাথে একীভূত করার প্রক্রিয়া চলছে। এক্সিম ও পদ্মার পর এবার সেই প্রক্রিয়ায় অন্তর্ভুক্ত হতে যাচ্ছে আরও ছয়টি ব্যাংক। সোমবার কেন্দ্রীয় ব্যাংকের কর্মকর্তাদের সঙ্গে বৈঠক করেছেন সংশ্লিষ্ট ব্যাংকের শীর্ষ কর্মকর্তারা। রাষ্ট্রায়ত্ত সোনালী ব্যাংকের সাথে বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক এবং কৃষি ব্যাংকের সঙ্গে রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংককে একীভূত করার ব্যাপারে বাংলাদেশ ব্যাংকের সিদ্ধান্তের খবর এসেছে স্থানীয় গণমাধ্যমে। বেসরকারি দ্য সিটি ব্যাংকের সাথে একীভূত হওয়ার আলোচনায় আছে সরকারি বেসিক ব্যাংকও। বাংলাদেশ ব্যাংকের কর্মকর্তারা আশা করছেন, এর মাধ্যমে দুর্বল ব্যাংকগুলোর ভঙ্গুর অবস্থা কাটিয়ে ওঠা সম্ভব হবে। কিন্তু যেসব ভালো ব্যাংকের সাথে দুর্বল ব্যাংকগুলোকে একীভূত করা হচ্ছে, তা চাপিয়ে দেয়া হচ্ছে কিনা, তা নিয়ে সংশয় প্রকাশ করেছেন একজন অর্থনীতিবিদ। যদিও ব্যাংকাররা তা অস্বীকার করেছেন। তাহলে প্রশ্ন হচ্ছে, দুর্বল একটি ব্যাংককে সঙ্গে নিয়ে সবল ব্যাংকের লাভ কী হবে?

দুর্বল ব্যাংকগুলোর সংকট কাটিয়ে তোলার পদক্ষেপের অংশ হিসেবে গত বছর একটি ফ্রেমওয়ার্ক তৈরি করে কেন্দ্রীয় ব্যাংক। প্রম্পট কারেক্টিভ অ্যাকশন বা পিসিএ নামক ওই ফ্রেমওয়ার্কের ওপর ভিত্তি করেই এ বছরের শুরু থেকে ব্যাংক একত্রীকরণের তোড়জোড় দেখা যায়। গত সপ্তাহের শেষ কর্মদিবসে ব্যাংক-কোম্পানি একত্রীকরণের একটি নীতিমালাও প্রকাশ করেছে বাংলাদেশ ব্যাংক। সবল ব্যাংকগুলোকে সরকার ও বাংলাদেশ ব্যাংকের পক্ষ থেকে নীতি সহায়তা দেয়ার কথা বলা হয়েছে নতুন নীতিমালায়। এতে বলা হয়েছে, “ভালো ব্যাংকটি দুর্বল ব্যাংকের কার্যক্রম তথা আমানত, গ্রাহক, শাখার নেটওয়ার্ক, অপারেশন, কৌশল, গবেষণা ও আধুনিক প্রযুক্তি ও একই কারিগরি সিস্টেম এবং ব্যবস্থাপনার আরও ভালোভাবে ব্যবহার করে সাশ্রয়ী ব্যয়ে আরও বড়, দক্ষ ও শক্তিশালী হওয়ার কারণে দুই ব্যাংকেরই লাভবান হওয়ার সুযোগ তৈরি হয়।” কেন্দ্রীয় ব্যাংকের মুখপাত্র বলছেন, এই নীতি সহায়তাকে কাজে লাগিয়ে দক্ষ ব্যবস্থাপনার মাধ্যমে একত্রীকরণ থেকে লাভবান হতে পারবে দুর্বলদের দায়িত্ব নেয়া ব্যাংকগুলো।

অন্যদিকে, বাংলাদেশ ব্যাংকের পক্ষ থেকে ছয় ধরনের নীতি সহায়তার কথা উল্লেখ করা হয়েছে। এর অন্যতম “ন্যূনতম মূলধন সংরক্ষণ, সিআরআর বা ক্যাশ রিজার্ভ রেশিও, এসএলআর বা স্ট্যাচুটরি লিকুইডিটি রেশিও, এলসিআর বা লিকুইডিটি রেশিও সংরক্ষণে নির্দিষ্ট সময়ের জন্য একটি সুনির্দিষ্ট অংশ অব্যাহতি প্রদান।” বাংলাদেশ ব্যাংকের মুখপাত্র মেজবাউল হক বিবিসি বাংলাকে বলেন, “এতে ঋণ দেয়া বা লগ্নি করার জন্য বাড়তি অর্থের যোগান পাবে ব্যাংক। এর মুনাফা দিয়ে ক্ষতি পুষিয়ে নিতে পারবে তারা।” মি. হক উদাহরণ টানেন, “ধরা যাক, কোনো ব্যাংক এসএলআরে অতিরিক্ত পাঁচ শতাংশ অব্যাহতি পেল। তাদের ঋণ দেয়ার সামর্থ্য তাহলে পাঁচ শতাংশ বেড়ে যাবে।” “অর্থাৎ, ৫০ হাজার কোটি টাকার ঋণপ্রদানের সক্ষমতা থাকলে তা বেড়ে আরো আড়াই হাজার কোটি টাকা বেশি ঋণ দেয়ার সক্ষমতা হবে ব্যাংকটির,” যোগ করেন তিনি। নীতিমালায় আরো বলা হয়, অগ্রাধিকার ভিত্তিতে তারল্য সুবিধা পাবে ব্যাংকগুলো। ব্যাংক কোম্পানি আইন ও বাংলাদেশ ব্যাংক অর্ডার অনুযায়ী অন্যান্য সহায়তা দেয়ার কথাও বলা হয়েছে এতে। কিন্তু এসব সুবিধার বিপরীতে খারাপ ব্যাংকের দায় নিয়ে ক্ষতি পোষাণো ভালো ব্যাংকের জন্য চ্যালেঞ্জের হবে বলে মনে করেন পলিসি রিসার্চ ইনস্টিটিউটের নির্বাহী পরিচালক আহসান এইচ মনসুর। নীতিমালায় বলা হয়েছে, অধিকৃত ব্যাংকের কর্মচারীদের তিন বছরের মধ্যে চাকরিচ্যুত করা যাবে না। মি. মনসুরের মতে, এতে ভালো ব্যাংকগুলোর চাপ বাড়বে।

শুরু থেকেই উদ্যোক্তাদের আশাবাদ ছিল যে, নিশ্চয়ই তারা সরকারের তরফে কোনও না কোনও সুবিধা পাবেন। ব্যাংক একীভূত করার আলোচনা শুরুর পর দোসরা ফেব্রুয়ারি মিউচুয়াল ট্রাস্ট ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক সৈয়দ মাহবুবুর রহমান যেমন বিবিসি বাংলাকে বলেছিলেন, "একীভূত করা নিয়ে ভালো ব্যাংকের অবজারভেশন আপাতত এটাই, হোয়াট ইজ দেয়ার ফর আস?”

বাংলাদেশের বেসরকারি খাতের অন্যতম আর্থিক প্রতিষ্ঠান দ্য সিটি ব্যাংক। স্থানীয় গণমাধ্যমে প্রতিবেদন প্রকাশ করা হয়েছে যে, সিটি ব্যাংকের সাথে দীর্ঘদিন ধরে সংকটে থাকা বেসিক ব্যাংক একীভূত করা হবে। যদিও এখনো সিটি ব্যাংকের পরিচালনা পর্ষদে কোনো নির্দিষ্ট ব্যাংকের ব্যাপারে সিদ্ধান্ত হয়নি। দুই-তিনটি ব্যাংক নিয়ে পর্যালোচনা চলছে বলে বিবিসি বাংলাকে জানিয়েছেন ব্যবস্থাপনা পরিচালক মাসরুর আরেফিন। বেসিক ব্যাংকের ৭২টি শাখা ও ৩৬টি উপশাখা রয়েছে। মি. আরেফিন বলছেন, এতগুলো শাখাসহ কোনো ব্যাংক যুক্ত হলে স্বাভাবিকভাবেই ‘নেটওয়ার্কটা আরও বড় হবে’। অপর ব্যাংকের নিয়মিত গ্রাহকরাও তাদের তালিকায় যুক্ত হয়ে যাবেন। তিনি জানিয়েছেন, কেন্দ্রীয় ব্যাংকের নীতি সহায়তার পাশাপাশি সরকারের আর্থিক সহায়তাসহ করের ক্ষেত্রেও কিছু সুবিধার আশ্বাস পেয়েছেন তারা, যা তাদেরকে উৎসাহিত করেছে। “সরাসরি মার্জ হবে না। আগে দুর্বল ব্যাংককে পুনর্গঠন করা হবে তারপর একত্রীকরণ করা হবে।” তিন থেকে পাঁচ বছর ধরে ‘রি-স্ট্রাকচারিং’ চলবে বলে জানান তিনি। “পারফরম্যান্স ম্যানেজমেন্টের মধ্য জনবল ব্যবস্থাপনা নিশ্চিত করা হবে। কে না চাইবে একটা ভালো ক্যারিয়ার গড়তে?” প্রশ্ন রাখেন তিনি। দ্য সিটি ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালকের দাবি, সরকারের সহায়তা এবং তাদের অভিজ্ঞতার সমন্বয়ে অপেক্ষাকৃত খারাপ একটা ব্যাংককে পুনরুদ্ধার করা সম্ভব হবে। ব্যাংক একীভূতকরণের এই প্রথমে এক্সিম ব্যাংকের

সাথে পদ্মা ব্যাংকের একীভূত করার ঘোষণা আসে। তখন দেখা গেছে, পদ্মা ব্যাংকের যে ৬০-৭০টি শাখা আছে সেগুলো পরিচালনা করার জন্যও এক্সিম ব্যাংকের জনবলের দরকার হবে। সে কারণে তারা নতুন করে কোনো জনবল নিয়োগ করতে চায় না। বরং বর্তমানে থাকা পদ্মা ব্যাংকের জনবল দিয়েই সেগুলো পরিচালনা করতে চায় বলে জানিয়েছিলেন এক্সিম ব্যাংকের চেয়ারম্যান নজরুল ইসলাম মজুমদার।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ব্যাংকিং ও ইনস্যুরেন্স বিভাগের শিক্ষক অধ্যাপক ড. হাসিনা শেখ বিবিসি বাংলাকে বলেন, "সম্পদের বণ্টন কীভাবে হয় এবং ল্যায়াবিলিটিটা অনেক বড় ইস্যু হয়ে যাবে এখানে। একটা ভাল ব্যাংক ল্যায়াবিলিটির কতটা শেয়ার করবে? ব্যাড লোনের একটা বড় ইস্যু আছে। তার চেয়েও অনেক বড় ইস্যু আছে মার্কেট রেপুটেশন, কাস্টমারের ট্রাস্ট, কাস্টমারের কনফিডেন্স এগুলো বড় ইস্যু হয়ে দাঁড়াবে।" তবে সরকারের সহায়তা পেলে এ সবই নিজেদের দক্ষতায় উতরে যেতে পারবেন বলে দাবি, মাসরুর আরেফিনের। ২০০৭ সালের দিকে সিটি ব্যাংক নিজেই একটি দুর্বল ব্যাংক ছিলো বলে জানান মি. আরেফিন। তিনি বলেন, সেই জায়গা থেকে অপেক্ষাকৃত ভালো অবস্থানে নিয়ে এসেছেন তারা। "এই অভিজ্ঞতা একীভূত হওয়া ব্যাংকের ক্ষেত্রে কাজে লাগবে।"

সাবেক ব্যাংকার ও অর্থনীতিবিদ নুরুল আমিন পদ্মা ও এক্সিম ব্যাংক একীভূতকরণের প্রথম উদ্যোগের সময় বিবিসি বাংলাকে বলেছিলেন,"লাভের হিসেব করলে বলা যায়,ব্যবস্থাপনার দিক থেকে কিছুটা ব্যয় কমবে। শাখার সংখ্যা বাড়লে ব্যবসার পরিধি বাড়বে। কিন্তু খারাপ ঋণের বিষয়টি এখান থেকে বাদ দিতে হবে আগে।" তবে সব মিলিয়ে লাভের পরিমাণটাই বেশি হবে বলে মনে করেন তিনি।

নীতিমালায় বাংলাদেশ ব্যাংকের অনুমোদনক্রমে এবং মধ্যস্থতায় কোনো ব্যাংক-কোম্পানি স্বতঃপ্রণোদিত হয়ে একীভূত হওয়ার কথা বলা হয়েছে। কিন্তু অর্থনীতিবিদ আহসান এইচ মনসুর মনে করেন, স্বেচ্ছায় একীভূতকরণের কথা বলা হলেও এখানে কর্তৃপক্ষের তরফে প্রচ্ছন্ন চাপ ছিলো। অন্ততঃ ভালো ব্যাংকগুলোর প্রতিক্রিয়া বিশ্লেষণে তার তেমনই মনে হয়েছে। "সবল ব্যাংকগুলোর উৎসাহটা দেখিনি। দুর্বল ব্যাংকগুলোকে নিরপেক্ষ অডিট করে তাদের প্রকৃত আর্থিক চিত্র তুলে ধরা দরকার। যা এখনো করা হয়নি।" "নইলে, ভালো ব্যাংকের জন্য ইট'স আ লস," যোগ করেন তিনি। অন্যদিকে সিটি ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক মাসরুর আরেফিন এমন ধারণাকে নিছকই 'নেতিবাচক মানসিকতা' উল্লেখ নাকচ করছেন। "সরকারের পক্ষ থেকে শুধুই সাজেশন ছিল, বাকি ডিসিশন আমাদেরই", তিনি বলেন। তারা অন্তত কোনো রকম বাধ্যবাধকতার শিকার হননি বলেও তিনি জানান।

(বিবিসি ওয়েব পেজ : ০৯.০৪.২০২৪ নারগীস)

## পিটার হাসের 'গা ঢাকা' ইস্যুতে বিবিসিকে যা বললেন পিনাক রঞ্জন চক্রবর্তী

বাংলাদেশে গত ৭ই জানুয়ারির নির্বাচনের আগে ভারতের কঠোর অবস্থানের কারণেই ঢাকায় মার্কিন রাষ্ট্রদূত পিটার হাসকে কার্যত গা ঢাকা দিতে হয়েছিল- এমন একটি দাবিকে কেন্দ্র করে কূটনৈতিক তর্কবিতর্ক ক্রমশ জটিল হয়ে উঠছে। ঢাকায় নিযুক্ত সাবেক ভারতীয় হাই কমিশনার পিনাক রঞ্জন চক্রবর্তী কিছুদিন আগে দিল্লিতে এক অনুষ্ঠানে এই দাবি করার পর সোমবার (৮ই এপ্রিল) মার্কিন প্রশাসন এই বক্তব্য সরাসরি নাকচ করে দিয়েছে। আমেরিকার পররাষ্ট্র মন্ত্রণালয়ের (স্টেট ডিপার্টমেন্ট) মুখপাত্র ম্যাথিউ মিলার সোমবার তাদের নিয়মিত সাপ্তাহিক ব্রিফিংয়ে এক প্রশ্নের জবাবে জানিয়েছেন, "এই বক্তব্য সঠিক নয়।" বাইডেন প্রশাসন এই বক্তব্যকে সরাসরি খারিজ করে দেওয়ার পরেও পিনাক রঞ্জন চক্রবর্তী অবশ্য নিজের দাবি থেকে মোটেও সরে আসছেন না। মঙ্গলবার (৯ এপ্রিল) বিকেলে তিনি দিল্লিতে বিবিসি বাংলাকে বলেন, "প্রথম কথা হলো- আমি সেদিন কিন্তু নতুন কোনো কথা বলিনি। বাংলাদেশের নির্বাচনের ঠিক আগে সে দেশের মিডিয়াতেই ভূরি ভূরি খবর বেরিয়েছিল যে হঠাৎ করে মার্কিন রাষ্ট্রদূতকে আর কোথাও দেখা যাচ্ছে না।" "যারা বাংলাদেশের গণমাধ্যমে নিয়মিত নজর রাখেন তারা সবাই এটা জানেন, আমিও জানি।" এখন ঘটনা হলো, এর ঠিক কিছুদিন আগেই দিল্লিতে ভারত ও আমেরিকার মধ্যে 'টু প্লাস টু ডায়ালগে' কী ঘটেছে, সেটাও পাবলিক ডোমেইনে আছে এবং সবাই তা জানেন। আপনি বলতে পারেন সেই টু প্লাস টু-র বৈঠকের পরই রাষ্ট্রদূতের এই অন্তর্ধান- আমি শুধু দুয়ে দুয়ে চার করেছি। শব্দ নিয়ে খেলা করে হাসতে হাসতেই জবাব দেন পিনাক রঞ্জন চক্রবর্তী। কোনো দেশের পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রকাশ্য সাংবাদিক সম্মেলনে যে এই প্রশ্নের দ্বিতীয় কোনো উত্তর দেওয়া যে সম্ভব নয়, সেটাও মনে করিয়ে দিচ্ছেন তিনি। "আমেরিকা ছাড়ুন, একটা ছোট্ট দেশের সরকারকেও যদি জিজ্ঞেস করা হয় অমুক দেশের কড়া অবস্থানের কারণেই কি আপনাদের রাষ্ট্রদূত গা ঢাকা দিয়েছেন, কেউ কি স্বীকার করবে যে হ্যাঁ, সেটা সঠিক?", পাল্টা প্রশ্ন ছুড়ে দেন পিনাক রঞ্জন চক্রবর্তী।

পিনাক রঞ্জন চক্রবর্তী ভারতের একজন সাবেক শীর্ষ স্থানীয় কূটনীতিবিদ, যিনি পররাষ্ট্র মন্ত্রণালয়ের সচিব (অর্থনৈতিক সম্পর্ক) পদ থেকে অবসর নেন কয়েক বছর আগে। ২০০৭ থেকে ২০০৯- এই পুরো তিন বছর তিনি ঢাকায় ভারতের হাইকমিশনার হিসেবেও দায়িত্ব পালন করেছেন। এই সময়কালেই বাংলাদেশ দীর্ঘ দু'বছর সেনা-সমর্থিত তত্ত্বাবধায়ক সরকারের শাসনে ছিল। তারপর ২০০৯ সালে যখন শেখ হাসিনার নেতৃত্বে আওয়ামী লীগ সরকার ক্ষমতায় আসে, তারও প্রথম এক বছর তিনি ঢাকায় ভারতীয় হাইকমিশনার ছিলেন। ঢাকায় রাষ্ট্রদূত থাকাকালীন মি চক্রবর্তীর বহু মন্তব্য বিতর্কের জন্ম দিয়েছিল। বিরোধী দলে থাকাকালীন বিএনপি তার বিরুদ্ধে ঢাকায় ভারতীয় দূতাবাসের সামনে বিক্ষোভ পর্যন্ত দেখিয়েছিল। ২০০৯ সালের জুন মাসে তৎকালীন বিরোধী দল বিএনপি টিপাইমুখ বাঁধ ইস্যুতে তার কিছু মন্তব্যের

জেরে মি চক্রবর্তীকে ঢাকা থেকে প্রত্যাহারেরও দাবি জানিয়েছিল। ২০০৯ সালের জুলাইতে ঢাকায় ভারতীয় দূতাবাসের সামনে একটি বিক্ষোভে পুলিশের লাঠিচার্জ। তখন সেখানে ভারতের হাইকমিশনার ছিলেন পিনাক রঞ্জন চক্রবর্তী। এহেন মি চক্রবর্তী সম্প্রতি ভারত-বাংলাদেশ দ্বিপাক্ষিক সম্পর্ক নিয়ে একটি বই লিখেছেন, যার নাম 'ট্রান্সফর্মেশন : ইমার্জেন্স অব বাংলাদেশ অ্যান্ড ইভোলিউশন অব ইন্ডিয়া-বাংলাদেশ টাইস' (রূপান্তর : বাংলাদেশের আত্মপ্রকাশ ও ভারত-বাংলাদেশ সম্পর্কের বিবর্তন)। গত ২৮শে মার্চ দিল্লির থিঙ্কট্যাঙ্ক অবজার্ভার রিসার্চ ফাউন্ডেশনে (ওআরএফ) এই বইটির ওপর একটি আলোচনা অনুষ্ঠানে লেখক মি চক্রবর্তী-সহ অন্য বিশেষজ্ঞরাও যোগ দেন। বিবিসি বাংলার এই প্রতিবেদকও ওই অনুষ্ঠানে শ্রোতা হিসেবে উপস্থিত ছিলেন। ওআরএফে এই ধরনের অনুষ্ঠানগুলিতে 'চ্যাথাম হাউস' রুল মেনে চলা হয় অর্থাৎ আলোচনার বিষয়বস্তু প্রতিবেদনে তথ্য হিসেবে ব্যবহার করা গেলেও কাউকে উদ্ধৃত করে কোনো মন্তব্য রিপোর্ট করা যায় না। তা সত্ত্বেও সে দিনের অনুষ্ঠানের প্রশ্নোত্তর পর্বে পিনাক রঞ্জন চক্রবর্তীর করা একটি মন্তব্য বাংলাদেশের একাধিক গণমাধ্যমে রিপোর্ট করা হয়। ওই রিপোর্টগুলোতে বলা হয়, অনুষ্ঠানে একটি প্রশ্নের জবাবে মি চক্রবর্তী বলেছেন তিনি নিশ্চিত যে ভারতের কঠোর অবস্থানের কারণেই বাংলাদেশের নির্বাচনের আগে ঢাকায় নিযুক্ত মার্কিন রাষ্ট্রদূত কার্যত আত্মগোপনে চলে গিয়েছিলেন। তার বক্তব্য ছিল, বাংলাদেশের নিজস্ব গণতান্ত্রিক প্রক্রিয়ায় আমেরিকার অতিরিক্ত 'হস্তক্ষেপে'র চেষ্টা ভারত যে পছন্দ করছে না এবং তাতে হিতে বিপরীত হতে পারে- দিল্লি তাদের এই মনোভাবের কথা গত নভেম্বরে 'টু প্লাস টু ডায়ালগে'র সময়ই ওয়াশিংটনের কাছে স্পষ্ট করে দিয়েছিল।

প্রসঙ্গত, টু প্লাস টু ডায়ালগ হলো ভারত ও আমেরিকা, এই দুই দেশের পররাষ্ট্রমন্ত্রী ও প্রতিরক্ষামন্ত্রীদের মধ্যে একটি স্ট্র্যাটেজিক সংলাপ প্রক্রিয়া, যার শেষ পর্বটি গত বছর নভেম্বরের দ্বিতীয় সপ্তাহে দিল্লিতে অনুষ্ঠিত হয়েছিল। ওই সংলাপের পরই ভারতের পররাষ্ট্র সচিব বিনয় মোহন কোয়াটরা প্রকাশ্যে জানিয়েছিলেন, বাংলাদেশ প্রসঙ্গে ভারতের অবস্থান আমেরিকার কাছে স্পষ্ট করে দেওয়া হয়েছে। যদিও ভারত-মার্কিন যৌথ বিবৃতিতে বাংলাদেশ প্রসঙ্গের কোনও উল্লেখ ছিল না। এর ঠিক দু'মাসের মধ্যেই (৭ জানুয়ারি) অনুষ্ঠিত হয়েছিল বাংলাদেশের সংসদীয় নির্বাচন।

বস্তুত এই বিষয়টির অবতারণা করেই পিনাকরঞ্জন চক্রবর্তী সে দিন যে কথাগুলো বলেছিলেন তা হলো, "আমি নিশ্চিতভাবে বলতে পারি ভারতের পক্ষ থেকে তখন এই কড়া বার্তাটা (আমেরিকাকে) শুনিয়ে দেওয়া হয়েছিল। যার পরিণতিতে ঢাকায় মার্কিন রাষ্ট্রদূত, যিনি তার কিছুদিন আগেও অমুক বিএনপি নেতাকে দাওয়াত দিয়ে বাড়িতে ডেকে আনছিলেন বা তমুক বিএনপি নেতার বাসায় গিয়ে হাজির হচ্ছিলেন- তাকে আর ভোটের সময় দেখাই গেল না! কোথায় যে তিনি গা ঢাকা দিলেন সে কেবল তিনিই জানেন!"

মি চক্রবর্তী এদিন বিবিসি বাংলাকে বলেছেন, ওই ডায়ালগের পরের ঘটনাক্রম আর বাংলাদেশের মিডিয়াতে মার্কিন রাষ্ট্রদূতের গতিবিধি নিয়ে প্রকাশিত রিপোর্ট- এই দুটোর মধ্যে সম্পর্ক টেনে তিনি শুধু 'দুয়ে দুয়ে চার' করেছেন- মোটেই নতুন কিছু বলেননি। সোমবার (৮ই এপ্রিল) ওয়াশিংটন ডিসি-তে মার্কিন স্টেট ডিপার্টমেন্টের নিয়মিত সাংবাদিক সম্মেলনে এই প্রসঙ্গটির অবতারণা করেন বাংলাদেশি বংশোদ্ভূত সাংবাদিক মুশফিকুল ফজল আনসারি।

মি. আনসারি তার একটি ফেসবুক পোস্টে এই প্রশ্নোত্তর পর্বের যে বিবরণ দিয়েছেন তাতে লিখেছেন :

"বাংলাদেশে ৭ই জানুয়ারির জাতীয় নির্বাচনের পূর্ব মুহূর্তে ঢাকায় নিযুক্ত যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত পিটার হাস গা ঢাকা দিয়েছিলেন- ভারতের সাবেক শীর্ষস্থানীয় কূটনীতিক ও ঢাকায় নিযুক্ত সাবেক ভারতীয় হাইকমিশনার পিনাক রঞ্জন চক্রবর্তীর এমন মন্তব্যকে আমলে নেয়নি স্টেট ডিপার্টমেন্ট।" "সোমবার স্টেট ডিপার্টমেন্টের নিয়মিত ব্রিফিংয়ে রাষ্ট্রদূত পিনাক রঞ্জনের এমন মন্তব্যের বিষয়ে জানতে চাইলে মুখপাত্র ম্যাথিউ মিলার হাস্যরসের সঙ্গে বিষয়টিকে উড়িয়ে দেন এবং এ ধরনের অভিযোগ সঠিক নয় বলে উল্লেখ করেন তিনি।"

বস্তুত সাবেক ভারতীয় রাষ্ট্রদূতের করা ওই মন্তব্যের সূত্র ধরে মি আনসারি জানতে চেয়েছিলেন, "ভারতের চাপের কারণে বাংলাদেশের ৭ই জানুয়ারির একতরফা নির্বাচনের পূর্ব মুহূর্তে ঢাকায় নিযুক্ত যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত গা ঢাকা দিয়েছিলেন বলে, নয়াদিল্লিতে একটি বইয়ের মোড়ক উন্মোচন অনুষ্ঠানে সম্প্রতি মন্তব্য করেছেন ঢাকায় হাই কমিশনারের দায়িত্ব পালন করে যাওয়া এক ভারতের কূটনীতিক। সত্যিই কি তাই ঘটেছিলো?" জবাবে মুখপাত্র মিলার হাসতে হাসতেই বলেন, "দিল্লিতে যত বইয়ের মোড়ক উন্মোচন বা বই নিয়ে আলোচনা অনুষ্ঠান হয় তার সবগুলো আমি ফলো করি না!" তবে সেই সঙ্গেই তিনি যোগ করেন, "আপনার প্রশ্নের উত্তরে বলব - না, এটা সঠিক নয়!" এসময় বার্তা সংস্থা এপি বা অ্যাসোসিয়েটেড প্রেসের সাংবাদিক ম্যাথিউ লি জানতে চান, "কেনো (দিল্লির সবগুলো বুক লঞ্চ ইভেন্ট) ফলো করেন না?" জবাবে মি মিলার বলেন, "আমার আরও অনেক কাজ থাকে। সেগুলো নিয়ে ব্যস্ত থাকাটাই জরুরি মনে করি।"

এই প্রশ্নের জবাবে মার্কিন পররাষ্ট্র মন্ত্রণালয়ের কাছ থেকে যে ধরনের জবাব প্রত্যাশিত ছিল, মুখপাত্রের জবাবে যে সেটারই প্রতিফলন ঘটেছে তা নিয়ে কোনো সন্দেহ নেই। কিন্তু টু প্লাস টু ডায়ালগে ভারতের অবস্থান ও তার পরবর্তীতে ঢাকায় মার্কিন রাষ্ট্রদূতের সক্রিয়তায় ভাঁটা পড়ার ইস্যুকে কেন্দ্র করে দিল্লি ও ওয়াশিংটনের মধ্যে যে একটা কূটনৈতিক অস্বস্তি তৈরি হয়েছিল সেটা গোটা ঘটনায় আরও একবার স্পষ্ট হয়ে গেছে।

(বিবিসি ওয়েব পেজ : ০৯.০৪.২০২৪ নারগীস)

# ভয়েস অফ আমেরিকা

## এবারের ঈদযাত্রায় চাপ আছে অস্বস্তি নেই : খালিদ মাহমুদ চৌধুরী

ঈদের ছুটিতে স্বজন সান্নিধ্যে যাচ্ছে বাংলাদেশের মানুষ। ছুটির আগেই অনেকে গ্রামে গেছেন; ছুটি শুরু হওয়ায় কিছুটা চাপ বেড়েছে সড়ক, নৌ ও রেলপথে। তবে নৌপথে তেমন চাপ নেই বলে জানালেন প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী। এদিকে, সড়ক, রেল ও নৌপথে স্বাভাবিক চাপ থাকলেও, এবারের ঈদযাত্রায় অস্বস্তি নেই বলে জানিয়েছেন যাত্রী ও কর্তৃপক্ষ। শেষ মুহূর্তে যানজটের কিছুটা বিড়ম্বনা মাথায় নিয়েই ঢাকা-টাঙ্গাইল মহাসড়কের গাজীপুরের চন্দ্রা ত্রিমোড় হয়ে উত্তরবঙ্গের ২২ জেলার যাত্রীরা যাচ্ছেন তাদের গন্তব্যে। চন্দ্রা ত্রিমোড়কে ঘিরে, মঙ্গলবার (৯ এপ্রিল) ভোর থেকে দেখা গেছে যানবাহনের দীর্ঘ সারি। তবে ঢাকা-ময়মনসিংহ মহাসড়কে যানবাহন পরিস্থিতি তুলনামূলকভাবে স্বাভাবিক। চান্দনা চৌরাস্তা-সহ কয়েকটি পয়েন্টে যানবাহনের চাপ রয়েছে বেশি। দুটি মহাসড়কের বিভিন্ন গন্তব্যের জন্য অতিরিক্ত ভাড়া নেয়ার অভিযোগ রয়েছে যাত্রীদের। ঢাকা-টাঙ্গাইল মহাসড়কের কালিয়াকৈর উপজেলার চন্দ্রায় ত্রিমোড় এলাকায় যাত্রী তোলার অপেক্ষায় দাঁড়িয়ে আছে বিভিন্ন ধরণের বাহন। সড়কের পাশে স্ট্যান্ড বা আলাদা জায়গা না থাকায়, স্থানীয় যানবাহনের চাপে দূরপাল্লার যানবাহন চলছে ধীরগতিতে। কোথাও কোথাও লেগে যাচ্ছে যানজট। এই মহাসড়কের যাত্রীদের অভিযোগ, ঈদযাত্রাকে কেন্দ্র করে বাড়তি ভাড়া নেয়া হচ্ছে। রাজশাহী, দিনাজপুর, রংপুর, বগুড়াসহ উত্তরবঙ্গের বাসে স্বাভাবিক সময়ের চেয়ে অতিরিক্ত ভাড়া নেয়া হচ্ছে বলে জানান যাত্রীরা। অপরদিকে, ঢাকা-ময়মনসিংহ মহাসড়কের বোর্ডবাজার চন্দনা চৌরাস্তাসহ বিভিন্ন পয়েন্টে গাড়ির গতি কিছুটা কম হলেও থেমে নেই। এই মহাসড়কের ৭টি ফ্লাইওভার খুলে দেয়ায়, এবার তেমন সমস্যা হচ্ছে না। তবে ময়মনসিংহের দিক থেকে ঢাকাগামী যানবাহনগুলোকে চান্দনা চৌরাস্তায় এসে দীর্ঘ সারিতে অপেক্ষমান থাকতে হচ্ছে। চান্দনা চৌরাস্তা থেকে ময়মনসিংহ, কিশোরগঞ্জ, শেরপুর যাওয়ার পথে অতিরিক্ত ভাড়া নেয়ার অভিযোগ রয়েছে যাত্রীদের। পুলিশ কর্মকর্তারা বলছেন, সুনির্দিষ্ট অভিযোগ পেলে তারা তাৎক্ষণিক ব্যবস্থা নেবেন। গাজীপুর মহানগর পুলিশের কমিশনার মাহবুব আলম সাংবাদিকদের বলেন, দুটো মহাসড়ক দিয়ে ঈদের ঘরমুখো লোকজনকে স্বাচ্ছন্দে ও নির্বিঘ্নে বাড়ি পৌঁছে দিতে হাইওয়ে পুলিশ, জেলা পুলিশ ও ট্রাফিক পুলিশ সমন্বয় করে কাজ করছে। যানবাহন পরিস্থিতি স্বাভাবিক রাখতে অতিরিক্ত লোকবল মোতায়েন করা হয়েছে বলে জানান কমিশনার মাহবুব আলম। বলেন, সিসিটিভি ক্যামেরা দিয়ে সড়ক পর্যবেক্ষণ করে তাৎক্ষণিক ব্যবস্থা নেয়াসহ নানা পদক্ষেপের মাধ্যমে নিরন্তর চেষ্টা চালিয়ে যাচ্ছে পুলিশ।পরিস্থিতি দ্রুত স্বাভাবিক হবে বলে তিনি আশা প্রকাশ করেন।

ঢাকা-চট্টগ্রাম মহাসড়কে স্বস্তির ঈদযাত্রায় সন্তুষ্ট চালক ও যাত্রীরা। তবে, ঈদযাত্রার স্বাভাবিক চাপ রয়েছে, মহাসড়কে বেড়েছে যানবাহনের সংখ্যা । মঙ্গলবার (৯ এপ্রিল) সকালে ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের কুমিল্লার দাউদকান্দির টোলপ্লাজা থেকে চৌদ্দগ্রামের মোহাম্মদ আলী পর্যন্ত ১০৫ কিলোমিটার অংশে নির্বিঘ্নে যানবাহন চলাচলের কথা জানিয়েছে হাইওয়ে পুলিশ। কুমিল্লা দাউদকান্দি হাইওয়ের থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শাহিনুল ইসলাম জানান, সোমবার (৮ এপ্রিল) দিবাগত রাতে মহাসড়কের যানবাহনের বেশ চাপ ছিলো। বিশেষ করে, ঢাকা থেকে চট্টগ্রাম অভিমুখী লেনে যানবাহনের চাপ বেশি দেখা গেছে। যাত্রীবাহী যানবাহনের সঙ্গে রয়েছে রপ্তানিমুখী পণ্য ও সবজিবাহী ট্রাক ও কাভার্ডভ্যান। মহাসড়কে যানবাহন চলাচল স্বাভাবিক রাখতে, কাজ করছেন হাইওয়ে পুলিশ, জেলা পুলিশ ও উপজেলা প্রশাসন। মহাসড়কের দাউদকান্দি, গৌরীপুর, ইলিয়টগঞ্জ, মাধাইয়া, চান্দিনা, নিমসার, ক্যান্টনমেন্ট, আলেখারচর, পদুয়ার বাজার, গুয়াগাজী, মিয়াবাজার, চৌদ্দগ্রাম, চিওড়াসহ যানজটের আশঙ্কা আছে। এ কারণে, বাজারগুলোতে হাইওয়ে পুলিশের তৎপর রয়েছে। অন্যদিকে, পদ্মা সেতুর টোল প্লাজায় তুলনামূলক বেশি সময় অপেক্ষা করতে হচ্ছে দক্ষিণাঞ্চলের যাত্রীদের। গত বৃহস্পতিবার থেকেই রাজধানী ছাড়তে শুরু করেছে মানুষ। ঢাকা ও আশপাশের কিছু এলাকার তৈরি পোশাক কারখানায় ঈদের ছুটি হয়েছে সোমবার। ফলে, রাত থেকে ঈদে বাড়ি ফেরা মানুষের চাপ বেড়েছে। অনেক অফিস ছুটি হয়েছে মঙ্গলবার থেকে।

ঈদুল ফিতরের ছুটিতে ঘরে ফেরা মানুষের ভোগান্তি হচ্ছে না বলে জানিয়েছেন নৌপরিবহন প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী। তিনি বলেন, “নৌপথে চাপ থাকলেও কোনো ভোগান্তি নেই।” মঙ্গলবার (৯ এপ্রিল) সচিবালয়ের সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি কথা বলেন। প্রতিমন্ত্রী বলেন, “স্বস্তির ঈদযাত্রার জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রতি কৃতজ্ঞতা জানাবো। কারণ, বাংলাদেশের তিনি বহুমুখী যোগাযোগ ব্যবস্থা চালু করেছেন।” নৌপথে ভোগান্তির বিষয়ে জানতে চাইলে তিনি বলেন, এটাকে ভোগান্তি বলা যাবে না, চাপ বলা যেতে পারে। “মধুচৌধুরী ঘাটে আজকের (৯ এপ্রিল) চিত্রের কথা বলি, সেখানে অতিরিক্ত চাপ ছিলো, ভোগান্তি ছিলে না;” বলেন নৌপরিবহন প্রতিমন্ত্রী। বরাবরের মতোই, কমলাপুর রেলওয়ে স্টেশন থেকে ছাদে চেপে রাজধানী ঢাকা ছাড়ছেন উত্তরাঞ্চলের মানুষ। আর বেশ কিছু ট্রেন দেরিতে ছেড়ে গেছে বলে জানিয়েছেন যাত্রী ও রেল কর্মকর্তারা। কমলাপুর রেলওয়ে কর্তৃপক্ষ জানিয়েছে, উত্তরাঞ্চলগামী একতা এক্সপ্রেস ও রংপুর এক্সপ্রেসের যাত্রীরা ছাদে চেপে গেছেন। পুরুষের পাশাপাশি নারী, শিশুদেরও ছাদে চেপে যাত্রা করতে দেখা গেছে। অনেক চেষ্টা করেও ছাদে ওঠা থেকে যাত্রীদের ঠেকানো যায়নি বলে দাবি করেছেন কমলাপুরের স্টেশন ম্যানেজার মোহাম্মদ মাসুদ সারওয়ার। আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী নিবৃত্ত করার চেষ্টা করলেও, যাত্রীদের ছাদে ভ্রমণ ঠেকানো যাচ্ছে না; জানান তিনি।

(ভোয়া ওয়েব পেজ : ০৯.০৪.২০২৪ এলিনা)

## কেএনএফ'র তৎপরতা নিয়ে ঢাকায় সুনির্দিষ্ট হুমকি নেই : ডিএমপি কমিশনার

বাংলাদেশের পার্বত্য জেলা বান্দরবানে চলমান কুকি-চিন ন্যাশনাল ফ্রন্টের (কেএনএফ) তৎপরতাকে কেন্দ্র করে, ঢাকায় সুনির্দিষ্ট কোনো হুমকি নেই বলে জানিয়েছেন ঢাকা মেট্রোপলিটন পুলিশ (ডিএমপি) কমিশনার হাবিবুর রহমান। মঙ্গলবার (৯ এপ্রিল) রাজধানী ঢাকার জাতীয় ঈদগাহে, ঈদ-উল-ফিতর উপলক্ষে, সার্বিক আইনশৃঙ্খলা ও নিরাপত্তা ব্যবস্থাপনা নিয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে এ কথা জানান ডিএমপি কমিশনার। "ডিএমপি দেশের সার্বিক পরিস্থিতি পর্যবেক্ষণ করে নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করেছে। কেএনএফ সমতলের যে জঙ্গি সংগঠনের সঙ্গে যুক্ত ছিলো, তাদের এখন আর কোনো তৎপরতা নেই। ঈদকে কেন্দ্র করে এখন পর্যন্ত জঙ্গি তৎপরতার কোনো আগাম তথ্য নেই;" জানান ডিএমপি কমিশনার। উল্লেখ্য, গত মঙ্গলবার (২ এপ্রিল) সোনালী ব্যাংকের রুমা শাখার ভল্ট থেকে দেড় কোটি টাকা লুটপাটের চেষ্টা করে কেএনএফ । টাকা নিতে না পেরে, ব্যাংকের রুমা শাখার ব্যবস্থাপক নিজামকে অপহরণ করে তারা।বুধবার বান্দরবানের থানচি উপজেলায় সোনালী ব্যাংক ও কৃষি ব্যাংকের শাখায় ডাকাতি করে তারা। বৃহস্পতিবার (৪ এপ্রিল) বান্দরবানের থানচি উপজেলাতে, কুকি চিন ন্যাশনাল ফ্রন্টের (কেএনএফ) সদস্যদের সঙ্গে পুলিশের সংঘর্ষ হয়। রাত পৌনে ৮টার দিকে থানচি বাজারের কাছে গুলি বিনিময় শুরু হয়। সশস্ত্র দলটি থানচি থানায় হামলার চেষ্টা করে। এসময় পুলিশও প্রায় ৫০০ রাউন্ড গুলি চালিয়ে পাল্টা জবাব দেয়।

রবিবার (৭ এপ্রিল) রাত থেকে সেনাবাহিনীর নেতৃত্বে যৌথবাহিনীর কম্বিং অপারেশন শুরু হয়েছে বান্দরবানে। অভিযানের জন্য ঢাকা থেকে নিয়ে আসা হয়েছে ৪টি আর্মার্ড পার্সোনেল ক্যারিয়ার (এপিসি)। সোমবার (৮ এপ্রিল) রাত ৮টা পর্যন্ত অভিযান চালিয়ে, কেএনএফ'র ৫৩ সদস্যকে আটক করা হয়েছে। রুমা উপজেলার সেনাবাহিনীর জোনের অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল কে. এম আরাফাত আমীন এ কথা জানান। তিনি আরো জানান যে আটক ব্যক্তিদের মধ্যে ১৮ জন নারী। বান্দরবানে নতুন সশস্ত্র সংগঠন কুকি-চিন ন্যাশনাল ফ্রন্ট (কেএনএফ) ২০২২ সালের এপ্রিলে আনুষ্ঠানিকভাবে আত্মপ্রকাশ করে। কেএনএফের ঘোষণা ও বিভিন্ন সময়ে গণমাধ্যমের উদ্দেশে দেয়া বক্তব্য অনুযায়ী, বান্দরবান ও রাঙ্গামাটি জেলার অন্তত ছয়টি ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর প্রতিনিধিত্ব করছে তারা। এ সময় তারা ফেসবুকে রাঙামাটির বাঘাইছড়ি, বরকল, জুরাছড়ি ও বিলাইছড়ি এবং বান্দরবানের রোয়াংছড়ি, রুমা, থানচি, লামা ও আলীকদম উপজেলাগুলোর সমন্বয়ে পৃথক রাজ্যের দাবি করে। এদিকে, কেএনএফ পাহাড়ে তাদের আস্তানায় সমতলের নতুন জঙ্গি সংগঠন জামাতুল আনসার ফিল হিন্দাল শারক্বীয়ার সদস্যদের সশস্ত্র প্রশিক্ষণ দিয়েছিল বলে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী ইতিপূর্বে গণমাধ্যমকে জানিয়েছিলো। সেই আস্তানায় আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী ২০২৩ সালে অভিযান চালিয়ে জামাতুল আনসার ফিল হিন্দাল শারক্বীয়া ও কেএনএফের বেশ কয়েক সদস্যকে গ্রেপ্তার করে। উল্লেখ্য, ২০২১ সালের ১০ ডিসেম্বর মানবাধিকার লঙ্ঘনের অভিযোগে র‍্যাবের সাবেক ও বর্তমান সাত কর্মকর্তার ওপর নিষেধাজ্ঞা দেয় যুক্তরাষ্ট্র। দেশটির ট্রেজারি ডিপার্টমেন্ট ও পররাষ্ট্র দপ্তর পৃথকভাবে এই নিষেধাজ্ঞা দেয়। এই কর্মকর্তাদের মধ্যে র‍্যাবের সাবেক মহাপরিচালক ও বাংলাদেশ পুলিশের সাবেক আইজি বেনজীর আহমেদ, র‍্যাবের সাবেক মহাপরিচালক ও বাংলাদেশ পুলিশের বর্তমান আইজি চৌধুরী আবদুল্লাহ আল-মামুন, সাবেক অতিরিক্ত মহাপরিচালক (অপারেশনস) খান মোহাম্মদ আজাদ, সাবেক অতিরিক্ত মহাপরিচালক (অপারেশনস) তোফায়েল মোস্তাফা সরোয়ার, সাবেক অতিরিক্ত মহাপরিচালক (অপারেশনস) মো. জাহাঙ্গীর আলম ও সাবেক অতিরিক্ত মহাপরিচালক (অপারেশনস) মো. আনোয়ার লতিফ খানের ওপর নিষেধাজ্ঞা দিয়েছে যুক্তরাষ্ট্রের ট্রেজারি ডিপার্টমেন্ট। যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র দপ্তর পৃথক এক ঘোষণায় বেনজীর আহমেদ এবং র‍্যাব ৭—এর সাবেক অধিনায়ক মিফতাহ উদ্দীন আহমেদের ওপর নিষেধাজ্ঞা দিয়েছে। যুক্তরাষ্ট্রের ট্রেজারি বিভাগের প্রকাশিত বিবৃতিতে বলা হয়েছে, বাংলাদেশে র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব), মাদক দ্রব্যের বিরুদ্ধে সরকারের লড়াইয়ে গুরুতর মানবাধিকার লঙ্ঘনের জন্য অভিযুক্ত। এতে বলা হয়েছে যে, তারা আইনের শাসন, মানবাধিকারের মর্যাদা ও মৌলিক স্বাধীনতা এবং বাংলাদেশের জনগণের অর্থনৈতিক সমৃদ্ধিকে ক্ষুণ্ণ করে। এটি যুক্তরাষ্ট্রের জাতীয় নিরাপত্তা স্বার্থের বিরুদ্ধে হুমকি হয়ে দাঁড়িয়েছে। র‍্যাব হচ্ছে ২০০৪ সালে গঠিত একটি সম্মিলিত টাস্ক ফোর্স। তাদের কাজের মধ্যে রয়েছে অভ্যন্তরীণ নিরাপত্তা নিশ্চিত করা, অপরাধীদের কর্মকান্ড সম্পর্কে গোপন তথ্য সংগ্রহ এবং সরকারের নির্দেশে তদন্ত পরিচালনা করা। বিবৃতিতে আরো বলা হয়, বাংলাদেশের বেসরকারি প্রতিষ্ঠানগুলো বা এনজিওদের অভিযোগ হচ্ছে যে, র‍্যাব ও বাংলাদেশের অন্য আইন প্রয়োগকারী সংস্থা, ২০০৯ সাল থেকে ৬০০ ব্যক্তির গুম হয়ে যাওয়া এবং ২০১৮ সাল থেকে বিচার বহির্ভূত হত্যা ও নির্যাতনের জন্য দায়ী। কোনো কোনো প্রতিবেদনে বলা হয়েছে যে, এই সব ঘটনার শিকার হচ্ছে বিরোধী দলের সদস্য, সাংবাদিক ও মানবাধিকার কর্মীরা। (ভোয়া ওয়েব পেজ : ০৯.০৪.২০২৪ এলিনা)

## জিম্মি জাহাজ আবদুল্লাহর নাবিকদের চলতি মাসেই উদ্ধার করা সম্ভব হবে : প্রতিমন্ত্রী খালিদ

সোমালিয়ার জলদস্যুদের হাতে জিম্মি বাংলাদেশি জাহাজ এমভি আবদুল্লাহর ২৩ নাবিককে চলতি মাসেই উদ্ধার করা সম্ভব হবে বলে জানিয়েছেন বাংলাদেশের নৌপরিবহন প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী। মঙ্গলবার (৯ এপ্রিল) সাংবাদিকদের এ তথ্য জানান নৌপরিবহন প্রতিমন্ত্রী। "আমাদের প্রধান দায়িত্ব হচ্ছে নাবিকদের নিরাপদে উদ্ধার করে দেশে ফিরিয়ে আনা এবং পরিবারের কাছে হস্তান্তর করা। এ বিষয়ে কাজ চলছে। পুরো পরিস্থিতি এখন আমাদের

নিয়ন্ত্রণে রয়েছে; আমরা আশা করি আমরা ২৩ জিম্মিকে নিরাপদে ফিরিয়ে আনতে সক্ষম হবো;” জানান খালিদ মাহমুদ চৌধুরী। ক্রুদের সঙ্গে কোনো ধরনের যোগাযোগ আছে কিনা, এমন প্রশ্নের জবাবে প্রতিমন্ত্রী জানান যে নৌপরিবহন অধিদপ্তর তাদের সঙ্গে নিয়মিত যোগাযোগ রক্ষা করছে। জিম্মি নাবিকরা সকলেই নিরাপদ ও সুস্থ আছেন বলে জানান খালিদ মাহমুদ চৌধুরী। তিনি বলেন, “ঈদুল ফিতরের আগেই তাদের ফিরিয়ে আনার টার্গেট ছিলো; আমরা টার্গেট মিস করেছি।আশা করছি খুব শিগগিরই তাদের ফিরিয়ে আনা সম্ভব হবে।” পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে সমস্যা সমাধানের চেষ্টা চলছে বলে জানান খালিদ মাহমুদ চৌধুরী। আরো বলেন, “তবে নৌপরিবহন দপ্তরও কাজ করছে।" এর আগে, শনিবার (৬ এপ্রিল) বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ বলেছেন, সোমালিয় জলদস্যুদের হাতে জিম্মি বাংলাদেশি জাহাজ আব্দুল্লাহর নাবিকদের উদ্ধারে আলোচনা ও চাপসহ সর্বাত্মক প্রচেষ্টা চালানো হচ্ছে। “যারা জাহাজ অপহরণ করেছে তাদের সঙ্গে আলোচনা চলছে। নাবিকরা ভালো আছেন। তাদের খাবার-দাবারে কোনো অসুবিধা নেই;” জানান হাছান মাহমুদ। উল্লেখ্য, লন্ডন ও কুয়ালালামপুরভিত্তিক জলদস্যুদের পর্যবেক্ষণকারী সংস্থা ইন্টারন্যাশনাল মেরিটাইম ব্যুরো (আইএমবি) ১৪ মার্চ জানায়, মোজাম্বিক থেকে ৫০ হাজার টন কয়লা নিয়ে দুবাই যাওয়ার পথে, ১২ মার্চ বেলা দেড়টায় জলদস্যুদের কবলে পড়ে এমভি আবদুল্লাহ।

(ভোয়া ওয়েব পেজ : ০৯.০৪.২০২৪ এলিনা)

## বাংলাদেশে মার্চে মূল্যস্ফীতি ছিলো ৯ দশমিক ৮১ শতাংশ, তথ্য বিবিএস'র

বাংলাদেশে চলতি বছরের মার্চে মূল্যস্ফীতি বেড়ে, ৯ দশমিক ৮১ শতাংশে দাঁড়িয়েছে বলে জানিয়েছে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)। ফেব্রুয়ারিতে মূলস্ফীতির এই হার ছিলো ৯ দশমিক ৬৭ শতাংশ। সেই হিসাবে, এ মাসে মূল্যস্ফীতি বাড়লো দশমিক ১৪ শতাংশ। আর, গ্রামাঞ্চলের তুলনায় শহরে উচ্চতর মুদ্রাস্ফীতির প্রভাব বেশি পড়েছে। মঙ্গলবার (৯ এপ্রিল) সর্বশেষ আর্থিক পরিসংখ্যানে এই তথ্য প্রকাশ করেছে বিবিএস। সর্বশেষ পরিসংখ্যানে দেখা যায়, মার্চে খাদ্য ও খাদ্য বহির্ভূত মূল্যস্ফীতি বেড়ে দাঁড়িয়েছে ৯ দশমিক ৮৭ শতাংশ। আর, খাদ্যবহির্ভূত পণ্যের মূল্যস্ফীতি বেড়ে দাঁড়িয়েছে ৯ দশমিক ৬৪ শতাংশে। ফেব্রুয়ারি মাসে খাদ্যপণ্যের ক্ষেত্রে মূল্যস্ফীতি ছিলো ৯ দশমিক ৪৪ শতাংশ এবং খাদ্য বহির্ভূত পণ্যের ক্ষেত্রে মুদ্রাস্ফীতি ছিলো ৯ দশমিক ৩৩ শতাংশ। গ্রামীণ অঞ্চলের তুলনায় শহরের অঞ্চলগুলোতে উচ্চতর মুদ্রাস্ফীতির প্রভাব পড়েছে। শহর এলকায় মুদ্রাস্ফীতি ৯ দশমিক ৯৪ শতাংশ এবং গ্রামীণ অঞ্চলে ৯ দশমিক ৬৮ শতাংশ। মার্চে শহর এলাকায় খাদ্যপণ্যের মূল্যস্ফীতি ছিলো ৯ দশমিক ৯৮ শতাংশ, খাদ্যবহির্ভূত মূল্যস্ফীতি ৯ দশমিক ৭১ শতাংশ এবং গ্রামীণ এলাকায় খাদ্যপণ্যে মূল্যস্ফীতি ৯ দশমিক ৮৬ শতাংশ ও খাদ্য বহির্ভূত পণ্যে মূল্যস্ফীতি ছিলো ৯ দশমিক ৪১ শতাংশ। আইএমএফের সাবেক জ্যেষ্ঠ অর্থনীতিবিদ ড. আহসান এইচ মনসুর বলেন, ১৮ মাসের বেশি সময় ধরে উচ্চ মূল্যস্ফীতির সঙ্গে লড়াই করছে বাংলাদেশ। আর এর প্রভাব পড়ছে সীমিত আয়ের মানুষের ওপর। মূল্যস্ফীতি নিয়ন্ত্রণে পলিসি সুদের হার বৃদ্ধিসহ বেশ কিছু কৌশল বাস্তবায়ন করেছে বাংলাদেশ ব্যাংক। ফলে ব্যাংক ঋণের সুদের হার বেড়ে দাঁড়িয়েছে ১৩ দশমিক ৫৫ শতাংশ। ড. মনসুর উল্লেখ করেছেন যে বিলম্ব এবং আমলাতান্ত্রিক জটিলতার কারণে এই পদক্ষেপগুলো এখনো উল্লেখযোগ্য অর্থনৈতিক প্রভাব দেখাতে পারেনি। ক্রমাগত উচ্চ মুদ্রাস্ফীতির হারের পেছনে একটি অনিয়ন্ত্রিত বাজার ব্যবস্থা এবং নিয়মিত পণ্যের দাম বৃদ্ধিকে প্রাথমিকভাবে দায়ী বলে চিহ্নিত করেছেন অর্থনীতিবিদরা।

(ভোয়া ওয়েব পেজ : ০৯.০৪.২০২৪ এলিনা)

## বুয়েটে ছাত্র রাজনীতি ও শিক্ষার পরিবেশ দুটোই থাকা উচিত : হাছান মাহমুদ

বাংলাদেশ আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ড. হাছান মাহমুদ বলেছেন, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে (বুয়েট) ছাত্র রাজনীতি থাকা উচিত, সেই সাথে শিক্ষার পরিবেশ যেন বজায় থাকে সেদিকেও লক্ষ্য রাখতে হবে। মঙ্গলবার (৯ এপ্রিল) দুপুরে ঢাকা বিশ্ববিদ্যালয়ের টিএসসি প্রাঙ্গণে, প্রধানমন্ত্রী শেখ হাসিনার পক্ষ থেকে ঈদ উপহার বিতরণ অনুষ্ঠানে এ কথা বলেন তিনি। বাংলাদেশ ছাত্রলীগের কেন্দ্রীয় কমিটি এই অনুষ্ঠানের আয়োজন করে। হাছান মাহমুদ বলেন, “বুয়েটে ছাত্র রাজনীতিই অবদান রেখেছে। সেই ছাত্র রাজনীতি থেকে অনেক দেশ বরেণ্য রাজনীতিবিদের জন্ম হয়েছে, যারা দেশকে নেতৃত্ব দিয়েছে, দিচ্ছে। কিন্তু আমি অবাক হয়েছি, সেখানে একটি দুঃখজনক ঘটনাকে কেন্দ্র করে ছাত্র রাজনীতি বন্ধ করা হয় এবং ছাত্র রাজনীতি বন্ধ করার জন্য আবার সেখানে আন্দোলনও হয়।” “এটা কোনভাবেই গণতান্ত্রিক নয় এবং হঠকারী সিদ্ধান্ত বলেই আদালত বিশ্ববিদ্যালয়ের সেই আদেশ বাতিল করেছে এবং সেখানে ছাত্র রাজনীতি দুয়ার খুলেছে;” বলেন তিনি। হাছান মাহমুদ আরো বলেন, রাজনীতি যে দেশ ও মানুষের সেবা এবং সমাজ পরিবর্তনের একটি ব্রত; সে কথা অনেক রাজনীতিবিদ ভুলে গেছেন, প্রকৃতপক্ষে রাজনীতি কারো পেশা হওয়া উচিত নয়। ছাত্র রাজনীতি নিয়ে উদ্ভুত পরিস্থিতির মধ্যে, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় বুয়েটে স্বাভাবিক শিক্ষা কার্যক্রম চালুর দাবি জানিয়েছে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতি। সোমবার (৮ এপ্রিল) এক বিবৃতিতে এ দাবি জানানো হয়। বিবৃতিতে, বুয়েট শিক্ষার্থীদের কাছে নিষিদ্ধ ঘোষিত সংগঠনের ইমেইল প্রেরণের বিষয়ে উদ্বেগ প্রকাশ করা হয় এবং এ বিষয়ে দেশের আইন প্রয়োগকারী সংস্থাসমূহের দৃষ্টি আকর্ষণ করা হয়। বুয়েট শিক্ষক সমিতি বিবৃতিতে বলেছে, “একটি শান্তিপূর্ণ, স্থিতিশীল ও নিষ্কলুষ ক্যাম্পাস আমাদের সবার কাম্য। সব অংশীজনের সহযোগিতা ও দায়িত্বশীল আচরণের মাধ্যমে অচিরেই সে অবস্থা ফিরে আসবে বলে শিক্ষক সমিতি দৃঢ়ভাবে বিশ্বাস

করে।" উল্লেখ্য, গত ২৯ মার্চ ছাত্র রাজনীতি নিয়ে বুয়েটে আন্দোলন শুরু হয়। পরে আন্দোলনের বিষয়টি হাইকোর্ট পর্যন্ত গড়ায়। উচ্চ আদালতের পক্ষ থেকে বলা হয়, বুয়েটে ছাত্র রাজনীতি চলতে বাধা নেই। গত ২৮ মার্চ ছাত্রলীগের সভাপতি ক্যাম্পাসে প্রবেশ করলে, ছাত্রলীগ বুয়েট শাখা কমিটি গঠন করছে এমন তথ্য ছড়িয়ে পড়ে এবং উত্তেজনা সৃষ্টি করা হয়। এ সময় ছাত্রলীগের সঙ্গে সংশ্লিষ্ট থাকার অভিযোগে এক শিক্ষার্থীকে বহিষ্কার ও তার সঙ্গে থাকা অন্যান্য শিক্ষার্থীদের খুঁজে বের করে বহিষ্কারের দাবি জানানো হয়। সেইসঙ্গে বুয়েটে ছাত্ররাজনীতি নিষিদ্ধ রাখার সিদ্ধান্ত বহাল রাখার দাবি জানান আন্দোলনকারীরা। এর পর আন্দোলনের বিষয়টি গড়ায় হাইকোর্ট পর্যন্ত। এছাড়া, ক্যাম্পাসে ছাত্রলীগ নেতাদের সমাগম ঘটানোর কারণে, বুয়েট-এর শিক্ষার্থী ইমতিয়াজ রাহিম রাব্বীর আবাসিক হলের সিট বাতিলের সিদ্ধান্ত স্থগিত করে আদেশ দিয়েছেন হাইকোর্ট। মঙ্গলবার (৮ এপ্রিল) উচ্চ আদালত এই আদেশ দেন।
(ভোয়া ওয়েব পেজ : ০৯.০৪.২০২৪ এলিনা)

## পার্বত্য অঞ্চলে বিপদজনক কেএনএফ'র ভূমিকা প্রসঙ্গ

গত ২ ও ৩ এপ্রিল, ২০২৪ বান্দরবানের রুমা ও থানচি উপজেলার কৃষি ও সোনালী ব্যাংকের তিনটি শাখায় সশস্ত্র হামলা চালালে কুকি-চিন ন্যাশনাল ফ্রন্ট (কেএনএফ) সংগঠনটি আবারও বড় ধরনের আলোচনায় চলে আসে। বাংলাদেশের পার্বত্য জেলা বান্দরবানে সেনাবাহিনী ও পুলিশের পৃথক দুটি অভিযানে কেএনএফ'র ৫৩ সদস্যকে আটক করা হয়েছে। রুমা উপজেলার সেনাবাহিনীর জোনের অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল কে. এম আরাফাত আমীন জানান, সোমবার (৮ এপ্রিল) রাত ৮টা পর্যন্ত অভিযান চালিয়ে তাদের আটক করা হয়। লেফটেন্যান্ট কর্নেল আরাফাত আরো জানান, রবিবার (৭ এপ্রিল) রাতে পুলিশ থানচি ও জেলা সদরের রেইচা ক্যাম্প থেকে তিন কেএনএফ সদস্যকে আটক করেছে। এছাড়া, ডাকাতির কাজে ব্যবহৃত গাড়ির চালককেও আটক করা হয়েছে। আটক ব্যক্তিদের মধ্যে সোনালী ব্যাংকের সহকারী ক্যাশিয়ারের পরিচয় পাওয়া গেছে। তার নাম লালচিয়াম বম। সেইসাথে রবিবার (৭ এপ্রিল) বান্দরবান সদর উপজেলার সুলক এলাকার বাসা থেকে কেএনএফ-এর প্রধান সমন্বয়ক চেওসিম বমকে (৫৫) গ্রেপ্তার করা হয়। বান্দরবানে ব্যাংক ডাকাতি ও অপহরণসহ একাধিক অপরাধ কর্মকাণ্ডের প্রতিক্রিয়ায়, রবিবার (৭ এপ্রিল) বড় পরিসরে যৌথ অভিযানের ঘোষণা দিয়েছিলেন সেনাবাহিনী প্রধান জেনারেল এস এম শফিউদ্দিন আহমেদ। কেএনএফ সভাপতির দায়িত্বে রয়েছে বান্দরবান জেলার রুমা উপজেলার এডেন পাড়ার অধিবাসী ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলা বিভাগ থেকে স্নাতক পাস করা নাথান বম। বান্দরবানের বম জাতিগোষ্ঠীর কিছু ব্যক্তি নিয়ে এই সংগঠনটি গড়ে তোলা হয়েছে বলে প্রাথমিকভাবে জানা গেছে। এ ছাড়া রুমার এডেন পাড়ায় কুকি-চিন ন্যাশনাল ডেভেলপমেন্ট অর্গানাইজেশন (কেএনডিও) নামের একটি বেসরকারি সংগঠনেরও প্রতিষ্ঠাতা এই নাথান বম। পুলিশ, জনপ্রতিনিধিসহ বিভিন্ন জনের সাথে কথা বলে জানা গেছে, কুকি-চিন ন্যাশনাল ফ্রন্ট (কেএনএফ) ২০২২ সালে তারা বান্দরবান ও রাঙ্গামাটি জেলার ৯ উপজেলা নিয়ে একটি আলাদা রাজ্য গঠনের ঘোষণাও দেয় এই সংগঠনটি। এর মধ্যে রয়েছে রাঙ্গামাটি জেলার বাঘাইছড়ি, বরকল, জুরাছড়ি ও বিলাইছড়ি এবং বান্দরবানের রোয়াংছড়ি, রুমা, থানচি, লামা ও আলীকদম। কেএনএফের প্রধান দাবি কী, তা জানতে চাইলে পার্বত্য জেলা পরিষদের চেয়ারম্যান ক্য শৈ হ্লা বলেন, "তাদের প্রধান দাবি হলো রাঙ্গামাটির তিনটি উপজেলা ও বান্দরবানের দুটি উপজেলাসহ ছয়-সাতটি উপজেলা নিয়ে আলাদা একটা রাজ্য করা। এরা বান্দরবান জেলা অথবা পার্বত্য এলাকায় আলাদাভাবে সরকার গঠন করতে চায়। কিন্তু এটা তো অসম্ভব, সাংবিধানিকভাবে কোনো কার্যকলাপের মধ্যে পড়ে না।" কেএনএফ বিভিন্ন সময়ে দাবি করেছে তারা রাঙ্গামাটি ও বান্দরবান অঞ্চলের ছয়টি জাতিগোষ্ঠীর প্রতিনিধিত্ব করছে। সেগুলো হলো—বম, পাংখোয়া, লুসাই, খিয়াং, ম্রো ও খুমি। কিন্তু বাস্তবে এর কোনো মিল নেই। একাধিক জনপ্রতিনিধি ও সরকারের বিভিন্ন লোকজনের সঙ্গে কথা বলে জানা গেছে, এই ছয় সম্প্রদায়ের ১ শতাংশের কম লোকজন তাদের সাথে রয়েছে।

২০০৮ সালে একটি সামাজিক সংগঠন হিসেবে এটি আত্মপ্রকাশ করে। এরপর ২০১৫ সালে সরকারিভাবে সংগঠনটি সমাজকল্যাণ অধিদপ্তর থেকে রেজিস্ট্রেশন নেয়। ২০২২ সাল থেকে সশস্ত্র সংঘাতে জড়িয়ে পড়ে কেএনএফ। পার্বত্য বান্দরবান জেলা পরিষদের চেয়ারম্যান ক্য শৈ হ্লার নেতৃত্বে একাধিকবার ফোনে আলোচনার পর সরাসরি দু'বার বৈঠক করা হয়েছে। তৃতীয় বৈঠকটি চলতি এপ্রিলের ২২ তারিখে হওয়ার কথা ছিল। কিন্তু তার আগেই গত ২ ও ৩ এপ্রিল বান্দরবানের রুমা ও থানচি উপজেলার কৃষি ও সোনালী ব্যাংকের তিনটি শাখায় সশস্ত্র হামলা চালালে তৃতীয় ধাপের আলোচনা অনিশ্চিত হয়ে পড়ে। "শান্তির সম্ভাবনা সত্ত্বেও কেএনএফ অপরাধমূলক আচরণের দিকে ফিরে গেছে;" রবিবারের সংবাদ সম্মেলনে বলেন সেনাপ্রধান জেনারেল এস এম শফিউদ্দিন আহমেদ। তিনি জানান, "গত জুনে কোণঠাসা হওয়ার পর তারা আলোচনায় বসতে ইচ্ছুক বলে মনে হয়েছিলো।" বান্দরবান জেলা পরিষদের চেয়ারম্যান ও কেএনএফের সঙ্গে শান্তি আলোচনা কমিটির প্রধান ক্য শৈ হ্লার ভয়েস অফ আমেরিকাকে বলেন, "কেএনএফের দাবিগুলো তো মানা সম্ভব হবে না। আমরা তাদের বলেছি সন্ত্রাসী কর্মকাণ্ড ছেড়ে স্বাভাবিক জীবনে ফিরে আসতে। কিন্তু তারা এটা মানছে না।" তিনি বলেন, "তাদের সাথে চুক্তি হয়েছিল, কিন্তু সেটা তারা বরখেলাপ করেছে, লঙ্ঘন করেছে। এখন কেএনএফ যদি বলে যে আমরা মানি না এই কারণে, তাহলে তো আর সম্ভব না।" ২০২২ সালের পর থেকে গত দুই বছরে কমপক্ষে ৯টি হামলা করেছে কেএনএফ। এসব হামলায় সেনাসদস্যসহ ২১ জন নিহত হয়েছে বলে বিভিন্ন সূত্রে জানা গেছে।এ ছাড়া এদের হামলায় বেশ কিছু লোক আহত হওয়ার খবর পাওয়া গেছে। যাদের

অধিকাংশই নিরীহ মানুষ। চলতি এপ্রিল মাসের ২ ও ৩ তারিখে বান্দরবানের রুমা ও থানচি উপজেলার কৃষি ও সোনালী ব্যাংকের তিনটি শাখায় সশস্ত্র হামলা চালায় কেএনএফ। এটি ছিল সংগঠনটির সবচেয়ে বড় আলোচিত হামলা। এ হামলায় পুলিশ ও আনসারের ১৪টি অস্ত্র ও গুলি এবং ব্যাংকের অর্থ লুট করে নিয়ে যায় সন্ত্রাসীরা। এ সময় তারা ব্যাংক কর্মকর্তা-কর্মচারীদের মারধর এবং একজন ব্যাংক ব্যবস্থাপককে অপহরণ করে। যদিও পরে ওই ব্যাংক কর্মকর্তাকে উদ্ধার করা হয়। এসব ঘটনায় কেএনএফ জড়িত বলে জানায় আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী। পুলিশ বাদী হয়ে এ ঘটনায় ছয়টি মামলা করেছে। বান্দরবানের রুমা এবং থানচিতে কেএনএফের হামলা কেন মোকাবিলা করা সম্ভব হলো না, জানতে চাইলে বান্দরবান জেলার পুলিশ সুপার সৈকত শাহিন ভয়েস অব আমেরিকাকে বলেন, “তারা দুটি ব্যাংক থেকে টাকা নিলেও আমাদের নিরাপত্তার কোনো ঘাটতি ছিল না। তারা ছদ্মবেশে ঢুকে হঠাৎ করে অস্ত্র তাক করে। সেখানে আমাদের লোকজন ও সাধারণ মানুষও ছিল। আমরা যদি অ্যাকশনে যেতাম তাহলে ওই মুহূর্তে অনেক সাধারণ মানুষ ক্যাজুয়ালটি হতো। আর এই কারণে আমরা কোনো ধরনের অ্যাকশনে যেতে পারিনি।”

সমতলের নতুন জঙ্গি সংগঠন জামাতুল আনসার ফিল হিন্দাল শারক্বীয়ার সদস্যদের সশস্ত্র প্রশিক্ষণ দেয়ার অভিযোগ উঠে কেএনএফের বিরুদ্ধে। আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর পক্ষ থেকে বিভিন্ন সময়ে এই অভিযোগ করা হয়। তিনি বলেন, আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী বিভিন্ন সময়ে অভিযান চালিয়ে জামাতুল আনসার ফিল হিন্দাল শারক্বীয়ার বেশ কয়েকজন সদস্য ও কেএনএফের ৭৬ জন সদস্যকে এ পর্যন্ত গ্রেপ্তার করেছে। বান্দরবান জেলার রামু উপজেলার ঘটনাস্থল পরিদর্শন শেষে ঢাকা ফিরে আসার পর সেখানকার পরিস্থিতি জানতে চাইলে ৬ এপ্রিল রাতে ভয়েস অফ আমেরিকাকে স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল বলেন, “সেখানকার পরিস্থিতি একদম নরমাল। কোনো অসুবিধা নেই। এখানে মুষ্টিমেয় কতগুলো লোক এ ধরনের ঘটনা ঘটিয়েছে। এরা বান্দরবানের মোট জনসংখ্যার ১ শতাংশেরও কম। তবে কারা এই ঘটনা ঘটিয়েছে—খুঁজে বের করে করে আমরা তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেব।” স্বরাষ্ট্রমন্ত্রী আরও বলেন, “এরা শতাংশের হিসাবে অনেক কম। মূলত বম উপজাতিরাই এই সন্ত্রাসী কর্মকাণ্ড করছে। এরা পার্বত্য চট্টগ্রামে ১ থেকে ২ শতাংশ হবে। সেখানে শান্তির পরিবেশ ছিল। কিন্তু তারা অতর্কিত হামলা করেছে।" কেএনএফের উত্থান মোকাবিলায় সরকারের যেসব পদক্ষেপ নেয়া দরকার ছিল, সরকার বাস্তবে সেটা নিয়েছে কিনা, জানতে চাইলে বিএনপি সরকারের আমলে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের দায়িত্বে থাকা এয়ার ভাইস মার্শাল (অব.) আলতাফ হোসেন চৌধুরী ভয়েস অব আমেরিকাকে বলেন, "ইন্টেলিজেন্স ডিপার্টমেন্ট সরকারকে বিভিন্ন সময়ে জানিয়েছে যে তারা কোথায় যাচ্ছে, কী করছে বা তাদের কর্মপদ্ধতি কী এবং তাদের লক্ষ্য ও উদ্দেশ্য কী? কিন্তু তখন সরকার সম্ভবত খুব গুরুত্বপূর্ণ কিছু মনে করেনি।" আলতাফ হোসেন চৌধুরী বলেন, “এখন এটা এমন একটা পর্যায়ে এসেছে যে তিনজন মন্ত্রী এদের সঙ্গে পিস টকের কথা বলছেন। এদের সাথে পিস টকের মানেই হচ্ছে আপনি এদেরকে রিকগনিশন দিচ্ছেন You are recognizing them as a body, i think which is most dangerous thing that can happen in a situation like this।"

কেএনএফের বিভিন্ন হামলা পার্বত্য অঞ্চল তথা দেশের নিরাপত্তার জন্য কতটা হুমকি জানতে চাইলে নিরাপত্তা বিশ্লেষক মেজর জেনারেল (অব.) আব্দুর রশিদ ভয়েস অব আমেরিকাকে বলেন, "কুকি-চিনদের হঠাৎ উত্তেজিত হওয়ার পেছনে তাদের অভিপ্রায় হতে পারে যে , মিয়ানমারে যে একটা অস্বাভাবিক পরিস্থিতি দেখছি, সেটিকে এক্সটেন্ড করে ভারত-বাংলাদেশের দিকে ঠেলে দেয়া যায় কিনা?" এই সন্ত্রাসী তৎপরতার আরেকটি কারণ হতে পারে এই কুকি-চিনের সাথে বাংলাদেশের অভ্যন্তরে কিছু জঙ্গি সংগঠনের সংস্রব। বাংলাদেশের অভ্যন্তরীণ রাজনীতিকে প্রভাবিত করার জন্য এই জঙ্গিদের সাথে কুকি - চিনদের অভিপ্রায়ের কোনো মিল ঘটলেও হয়তো এটা হতে পারে বলে মনে করছেন, অবসরপ্রাপ্ত এই মেজর জেনারেল। "আমার ব্যক্তিগত অভিজ্ঞতা থেকে জানি, পার্বত্য চট্টগ্রামে নিরাপত্তার একটা স্ট্যান্ডার্ড বলয় তৈরি করে রাখা হয়, সেই বলয় ভেদ করে, হামলা করা যত সহজ, সেই বলয় ভেদ করে পালিয়ে যাওয়াটা তার চেয়ে বেশি কঠিন। যেখানে আমরা দেখছি তারা হামলাও করছে, পালিয়েও যাচ্ছে। এই বিষয়টি আমাকে অবশ্যই সংশয়ের মধ্যে ফেলেছে," তিনি বলেন। পার্বত্য চট্রগ্রামের স্থিতিশীলতার জন্য কেএনএফের উত্থান কতটা হুমকিস্বরূপি , জানতে চাইলে সাবেক পুলিশ প্রধান নূর মোহাম্মদ ভয়েস অফ আমেরিকাকে বলেন, “ওদের যে অ্যাক্টিভিটিস, বিভিন্ন সময় থেমে থেমে, অনেক বছর বন্ধ ছিল কিন্তু রিসেন্টলি যে ঘটনাগুলো ঘটল সেগুলো অবশ্যই অ্যালার্মিং। তিনি বলেন, কেএনএফের কর্মকাণ্ড কেন হঠাৎ করে অ্যালার্মিং আকারে বেড়ে গেছে, সেটা খুঁজে বের করতে হবে।” কেএনএফের সন্ত্রাসী হামলার বিষয়ে পার্বত্য চট্টগ্রাম-বিষয়ক মন্ত্রণালয় থেকে কোনো ধরনের পদক্ষেপ নেয়া হবে কিনা, জানতে চাইলে মন্ত্রণালয়টির সচিব মো. মশিউর রহমান ভয়েস অফ আমেরিকাকে বলেন, “এটা আইনশৃঙ্খলা মন্ত্রণালয়ের বিষয়, এ বিষয়ে আমাদের মন্ত্রণালয়ের কোনো করণীয় নেই। পার্বত্য চট্টগ্রামের জনগণের জানমালের নিরাপত্তার জন্য স্বরাষ্ট্র মন্ত্রণালয় রয়েছে। আমাদের নিজস্ব কোনো বাহিনী বা ফোর্স নেই। ফলে এ-সংক্রান্ত বিষয়ে কোনো করণীয় আমাদের নেই। আমরা কেবল ডেভেলপমেন্ট ওয়ার্ক করছি।” পার্বত্য চট্টগ্রামের জনগণের জানমালের নিরাপত্তা নিশ্চিত করতে স্বরাষ্ট্র মন্ত্রণালয়কে কোনো চিঠি দিয়ে সহযোগিতা চেয়েছেন কিনা—জানতে চাইলে

তিনি বলেন, “স্পেশ্যালি এটা আমার মন্ত্রণালয়ের ইস্যু না। এখানে ব্যাংক ডাকাতি হয়েছে। আমরা তো ব্যাংক ডাকাতির মামলা নিতে পারব না। এই মামলা তো আমার মন্ত্রণালয় করতে পারবে না। এটা এই মন্ত্রণালয়ের ইস্যু না।”
(ভোয়া ওয়েব পেজ : ০৯.০৪.২০২৪ এলিনা)

**উচ্চ মূল্যস্ফীতির মধ্যে সীমিত আয়ের মানুষ মৌলিক চাহিদা পূরণ করতে পারছে না : রিজভী**

বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী অভিযোগ করেছেন যে উচ্চ মূল্যস্ফীতির মধ্যে সীমিত আয়ের মানুষ তাদের মৌলিক চাহিদা পূরণ করতে পারছে না। মঙ্গলবার (৯ এপ্রিল) দুপুরে, রাজধানী ঢাকায়, বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ে এক সংবাদ সম্মেলনে তিনি এ অভিযোগ করেন। “গত ১৫ বছরে আওয়ামী লীগ সরকার রাজনৈতিক ও অর্থনৈতিক ব্যর্থতার পাশাপাশি গণতন্ত্রের ধ্বংসস্তূপের ওপর দাঁড়িয়ে নাৎসিদের মতো দেশ শাসন করছে;” বলেন রিজভী। তিনি আরো বলেন, মুসলমানদের সবচেয়ে বড় ধর্মীয় উৎসব ঈদুল ফিতর। এই উৎসব উদযাপনের জন্য দেশের মানুষ অপেক্ষা করছে। উচ্চ মূল্যস্ফীতির মধ্যে সীমিত আয়ের মানুষের মৌলিক চাহিদা পূরণ করা এখন কঠিন। তাই তাদের মুখে আনন্দের চিহ্ন নেই। রুহুল কবির রিজভী অভিযোগ করেন যে শাসক মহলের দুর্নীতি ও লুটপাট ধনী-দরিদ্রের মধ্যে সামাজিক ও অর্থনৈতিক ব্যবধান বাড়িয়ে দিয়েছে। এই পরিস্থিতি, দেশের নিম্ন মধ্যবিত্ত ও দরিদ্র জনগোষ্ঠীকে দৈনন্দিন জীবন যাপনে কষ্টের মধ্যে ফেলেছে। তিনি আরো বলেন, “উচ্চ মূল্যস্ফীতিতে গরিব মানুষ নিঃশব্দে কাঁদছে। সরকার মূল্যস্ফীতি নিয়ন্ত্রণ না করে, সিন্ডিকেটের চক্র ধ্বংস না করে বিরোধী দলকে দমন করতে ব্যস্ত।” বিদেশে চিকিৎসার অধিকার থেকে বঞ্চিত করে সরকার বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়াকে ৬ বছর ধরে কারাগারে আটকে রেখেছে বলে উল্লেখ করেন রিজভী। বলেন, “প্রায় প্রতিদিনই বিএনপির কিছু নেতাকর্মী খুন বা গুমের শিকার হচ্ছে, কারারুদ্ধ হচ্ছে অথবা তাদের নামে মিথ্যা মামলা দেয়া হচ্ছে।” বিএনপির উল্লেখযোগ্য সংখ্যক নেতাকর্মী চাকরি ও ব্যবসা হারিয়ে মানবেতর জীবনযাপন করছে বলে জানান রুহুল কবির রিজভী।(ভোয়া ওয়েব পেজ : ০৯.০৪.২০২৪ এলিনা)

## রেডিও তেহরান

**প্রিয়জনদের সঙ্গে ঈদ উদযাপনের জন্য ঘরমুখো মানুষের ঢল নেমেছে বাড়ির পথে**

ঈদ সামনে রেখে প্রিয়জনদের সঙ্গে দিনটি উদযাপনের জন্য বাড়ির পথে রাজধানী ঢাকা ছাড়ার ঢল নেমেছে। সড়ক-নৌ ও রেলপথ সর্বত্র বাড়িমুখো যাত্রীদের উপচে পড়া ভিড়। এমনকি যাত্রী সংকটে ভুগতে থাকা সদরঘাটের লঞ্চগুলোতেও তিল ধারণের ঠাঁই নেই। গার্মেন্টস ছুটি হওয়ায় সড়কপথে গাড়ির চাপ অনেক বেড়েছে। রেলেও রয়েছে যাত্রীর অতিরিক্ত চাপ। মহাসড়কে পর্যাপ্ত যানবাহন না থাকায় বাসস্ট্যান্ডগুলোতে শত শত ঘরমুখী মানুষ পড়েছেন চরম দুর্ভোগে। কয়েক গুণ বেশি ভাড়া দিয়েও মিলছে না চাহিদামতো পরিবহন। এর ফলে ঝুঁকি নিয়েই মানুষ ট্রাক, পিকআপ ভ্যান, মোটরসাইকেলসহ নানা উপায়ে গন্তব্যে যাওয়ার চেষ্টা করছেন।
(রেডিও তেহরান: ২০৩০ ০৯.০৪.২০২৪ এলিনা, গাজী আবদুর রশীদ)

## এনএইচকে

**দ্বিপাক্ষিক সম্পর্ক গভীর করতে শীর্ষ সম্মেলনের গুরুত্বের উপর জোরারোপ জাপান ও যুক্তরাষ্ট্রের**

জাপান ও যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত বলেছেন, ওয়াশিংটনে এ সপ্তাহের কিশিদা-বাইডেন শীর্ষ বৈঠক প্রতিরক্ষা ও অর্থনৈতিক নিরাপত্তা সংশ্লিষ্ট দ্বিপাক্ষিক সম্পর্ক গভীর করার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। জাপানের প্রধানমন্ত্রী কিশিদা ফুমিও এবং মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেনের মধ্যকার শীর্ষ বৈঠকের প্রাক্কালে সোমবার একটি গবেষণা প্রতিষ্ঠান আয়োজিত এক অনুষ্ঠানে যোগ দেন জাপানি ও মার্কিন রাষ্ট্রদূতদ্বয়। যুক্তরাষ্ট্রে জাপানের রাষ্ট্রদূত ইয়ামাদা শিগেও উল্লেখ করেন, ইউক্রেনে রাশিয়ার আক্রমণ এবং মধ্যপ্রাচ্য সমস্যা সহ নানা গুরুতর চ্যালেঞ্জ মোকাবিলায় দেশ দুটি একসাথে কাজ করেছে। তিনি বলেন, জাপান-যুক্তরাষ্ট্র দ্বিপাক্ষিক সম্পর্ক আঞ্চলিক অংশীদারিত্ব থেকে বৃদ্ধি পেয়ে সত্যিকার অর্থে একটি বৈশ্বিক সম্পর্কে পরিণত হয়েছে। ইয়ামাদা বলেন, তিনি আশা করছেন যে কিশিদার ওয়াশিংটন সফর "এই দেশের জনগণের পাশাপাশি জাপান ও আন্তর্জাতিক সম্প্রদায়ের কাছে এটি স্পষ্ট করে তুলবে যে আমরা শক্তিশালী বৈশ্বিক অংশীদার, এবং আমাদের অংশীদারিত্বের সম্ভাবনা অনেক ব্যাপক।" অন্যদিকে, জাপানে মার্কিন রাষ্ট্রদূত রাম ইমানুয়েল বলেন, মিত্রদের সাথে দ্বিপাক্ষিক সম্পর্কের পাশাপাশি যুক্তরাষ্ট্র ভারত-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে বহুপাক্ষিক সহযোগিতা বাড়ানোর দিকেও মনোনিবেশ করছে। ইমানুয়েল জোর দিয়ে বলেন, জাপান এই কৌশলের একটি স্থায়ী অংশীদার। এছাড়া, মার্কিন ইস্পাত প্রস্তুতকারক ইউএস স্টিলকে জাপানি ইস্পাত প্রস্তুতকারক নিপ্পন স্টিলের অধিগ্রহণের একটি পরিকল্পনার কথাও উল্লেখ করেন ইমানুয়েল। তবে, বাইডেন বলেছেন যে তিনি চান মার্কিন প্রতিষ্ঠানটি "অভ্যন্তরীণ মালিকানাধীন থাকুক এবং অভ্যন্তরীণভাবে পরিচালিত হোক।" বাইডেনের এই অবস্থান জাপানের সাথে সম্পর্কের ক্ষতি করতে পারে বলে তিনি মনে করেন কিনা জিজ্ঞাসা করা হলে ইমানুয়েল বলেন, জাপান-যুক্তরাষ্ট্র সম্পর্ক কোনো একক বাণিজ্যিক চুক্তির চেয়ে গভীর, শক্তিশালী এবং অধিক তাৎপর্যপূর্ণ। ইমানুয়েল তার জবাবে উল্লেখ করেন যে অতীতে একই ধরনের ঘটনা ঘটেছিল, যখন জাপান সরকার একটি অভ্যন্তরীণ প্রতিষ্ঠানকে বিদেশি বিনিয়োগকারীদের অধিগ্রহণ থেকে রক্ষা করতে পদক্ষেপ নিয়েছিল। (এনএইচকে ওয়েব পেজ : ০৯.০৪.২০২৪ এলিনা)

## ডয়চে ভেলে

### ইদের আগে গাড়িভাড়ায় নৈরাজ্য

ইদের সরকারি ছুটি আগামীকাল বুধবার থেকে শুরু। মঙ্গলবার থেকেই শুরু হয়েছে ঢাকা থেকে ঘরমুখো মানুষের স্রোত। আর এই সুযোগ নিয়েছেন বাস মালিকেরা। নির্দিষ্ট ভাড়ার কোনো নিয়ম নীতির তোয়াক্কা করছেন না কেউ। একই পরিস্থিতি লঞ্চের ক্ষেত্রেও। যাত্রী কল্যাণ সমিতি আশঙ্কা করেছিলো এবার ইদের আগে অন্তত ১০ হাজার কোটি টাকা বাড়তি ভাড়া আদায় করবে বিভিন্ন যানবাহন। তবে সংগঠনের মহাসচিব মঙ্গলবার বলেন, "এখন যা পরিস্থিতি দেখছি তাতে এর পরিমাণ আরো বেশি, ২০ হাজার কোটি টাকা হতে পারে।"

মানবাধিকার কর্মী নুরুল ইসলাম ঢাকায় থাকেন। দুইদিন আগেই কাজে গাজীপুর গিয়েছেন তিনি। সেখান থেকে মঙ্গলবার বগুড়া যাচ্ছেন গ্রামের বাড়ি ইদ করতে। বিকেল ৪টার দিকেও তিনি নিশ্চিত নন যে, যেতে পারবেন কীনা। তিনি বলেন, "৫০০ টাকার ভাড়া এক হাজার টাকা চাচ্ছে। ট্রাকে করে ২৫০ টাকায় যাওয়া গেলেও এখন চাচ্ছে ৫০০ টাকা। পোশাক কর্মীরা পড়েছেন সবচেয়ে বেশি বিপদে।" এই পরিস্থিতি দেখার কেউ নেই বলে অভিযোগ তার। তিনি বলেন, "বাস কাউন্টারের লোকজনের কথা, এই ভাড়ায় গেলে যান, না গেলে না যান।"

মহাখালী বাস টার্মিনালে পোশাক শ্রমিক মো, ইমন তার পরিবার নিয়ে অপেক্ষা করছেন ময়মনসিংহ যাওয়ার জন্য। তিনি বলেন, "২০০ টাকার ভাড়া চাইছে ৬০০ টাকা। আজকেই ইদ যাত্রীদের ভিড় সবচেয়ে বেশি। তারা যার কাছ থেকে যা পারছে আদায় করে নিচ্ছে। আমরা অসহায় অবস্থার মধ্যে পড়েছি। মনে হচ্ছে যা বেতন বোনাস পেয়েছি তা বাস ভাড়াতেই শেষ হয়ে যাবে।"

বাংলাদেশ সড়ক পরিবহন শ্রমিক লীগের সভাপতি মো. হানিফ খোকন বলেন, "মহাখালী বাসস্ট্যান্ড থেকে ঢাকা-ময়মনসিংহের ভাড়া ৩০০ টাকা। সেখানে এখন নেয়া হচ্ছে ৮০০ টাকা। ঢাকার সায়েদাবাদ থেকে বরিশালের ভাড়া ৫০০ টাকা, নেয়া হচ্ছে ৭০০ টাকা। ঢাকা থেকে টাঙ্গাইলের ভাড়া ২০০ টাকা, নেয়া হচ্ছে ৭০০-৮০০ টাকা। ঢাকা-কুমিল্লা রুটে বাস বেশি থাকলেও ইদের অজুহাতে ১০০ টাকা করে বেশি রাখা হচ্ছে।" তিনি বলেন, "জেলা থেকে জেলায় বাস ভাড়ায় আরো বেশি নৈরাজ্য চলছে শেষ সময়ে। কুমিল্লা থেকে চট্টগ্রামের ভাড়া ৮০০ টাকা নেয়া হচ্ছে। এটা দুই গুণ। প্রতিটি রুটেই ইদ উপলক্ষ্যে ভাড়া বাড়ানো হয়েছে। তবে চট্টগ্রাম-কক্সবাজার রুটে নতুন ট্রেনের কারণে বাসগুলো সেখানে সুবিধা করতে পারছে না।" তিনি জানান, "যারা আগেই বাসের টিকিট কেটে রেখেছেন তারা স্বস্তিতে আছেন। ওইসব পরিবহণে তো এখন আর টিকিট নাই। কিন্তু যারা আগে টিকিট কাটেননি, শ্রমজীবী, পোশাক শ্রমিক, নিম্ন আয়ের মানুষ, তারা পড়েছেন বিপাকে। লঞ্চেও ইদ বকশিশের নামে ভাড়া কিছুটা বাড়ানো হয়েছে।"

মহাখালীর ঈগল পরিবহনের কাউন্টার ম্যানেজার মিলন মিয়া বলেন, "শেষ সময়ে যাত্রী বেশি, বাস কম। তাই ভাড়া একটু বেড়েছে। আর এই সময়ে ভাড়া বাড়বে এটা তো সাধারণ নিয়ম, তারপরও টিকিট দিতে পারছি না।"

বাংলাদেশ লঞ্চ মালিক সমিতির সভাপতি মাহবুব উদ্দিন আহমেদ বেশি ভাড়া নেয়ার অভিযোগ অস্বীকার করে বলেন, ইদে লঞ্চের ভাড়া বেশি নেয়ার অভিযোগ কাল্পনিক। আমরা সরকার নির্ধারিত ভাড়ার চেয়ে এক পয়সাও বেশি নিচ্ছি না। এমনিতেই লঞ্চের যাত্রী অনেক কমে গেছে। সাধারণভাবে তাই যাত্রী আকর্ষণে স্বাভাবিক সময়ে সরকার নির্ধারিত ভাড়ার চেয়ে কম নেয়। এখন সরকার নির্ধারিত ভাড়াই নেয়া হচ্ছে।" আর বাংলাদেশ সড়ক পরিবহণ মালিক সমিতির মহাসচিব খন্দকার এনায়েতুল্লাহ বলেন, "ইদে যাতে বাড়তি ভাড়া কেউ না নেয় এজন্য মালিক সমিতি তৎপর আছে। কেউ বাড়তি নিলে পুলিশ বা আমাদের মালিক সমিতির কাছে অভিযোগের অনুরোধ করছি।"

(ডয়চে ভেলে ওয়েব পেজ : ০৮.০৪.২০২৪ নারগীস)

## রেডিও টুডে

### জাতীয় ঈদগাহে একসাথে ৩৫ হাজার মানুষের নামাজের ব্যবস্থা করা হয়েছে : ডিএনসিসি মেয়র

জাতীয় ঈদগাহে ঈদুল ফিতরের প্রধান জামাতে ৩৫ হাজারের মানুষের অংশ নেওয়ার ব্যবস্থা করা হয়েছে বলে জানিয়েছেন ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন ডিএনসিসি মেয়র ব্যারিস্টার শেখ ফজলে নূর তাপস। তিনি বলেন এই জামাতে তিন হাজার মহিলা নামাজ পড়তে পারবেন। মঙ্গলবার দুপুরে জাতীয় ঈদগাহ পরিদর্শন শেষে সাংবাদিকদের এই তথ্য জানান ডিএনসিসি মেয়র। ব্যারিস্টার তাপস বলেন ঈদুল ফিতরের নামাজের প্রায় সব প্রস্তুতি আমরা সম্পন্ন করেছি। আর যে একদিন আছে এরমধ্যে আমরা বাকি কাজ গুলো সম্পন্ন করব।(রেডিও টুডে:১৩৪৫ ঘ. ০৯.০৪.২০২৪ আসাদ)

### জাতীয় ঈদগাহে ঈদের জামাতে থাকবে পাঁচ স্তরের নিশ্চিদ্র নিরাপত্তা ব্যবস্থা : ডিএমপি কমিশনার

রাজধানীতে পাহাড়ি সশস্ত্র সংগঠন কুকি চীন ন্যাশনাল ফ্রন্ট কে এন এফ এর কোন অপতৎপরতার শঙ্কা না থাকলেও জাতীয় ঈদগাহের জামাতে সারা দেশের সার্বিক অবস্থা মাথায় রেখে নিরাপত্তা ব্যবস্থা রাখা হয়েছে বলে জানিয়েছেন ডিএমপি কমিশনার হাবিবুর রহমান। তিনি জানান ঈদুল ফিতর উপলক্ষে জাতীয় ঈদগাহে থাকবে পাঁচ স্তরের নিশ্চিদ্র নিরাপত্তা ব্যবস্থা। আজ মঙ্গলবার জাতীয় ঈদগাহে ডিএমপি কর্তৃক গৃহীত নিরাপত্তা ব্যবস্থা পরিদর্শন শেষে এসব তথ্য জানান ডিএমপি কমিশনার।(রেডিও টুডে:১৩৪৫ ঘ. ০৯.০৪.২০২৪ আসাদ)

**সারা দেশের প্রতিটি ঈদগাহে নিরাপত্তা ব্যবস্থা নিয়েছে র‍্যাব : র‍্যাব মহাপরিচালক**

জাতীয় ঈদগাহ পরিদর্শনে এসে র‍্যাবের মহাপরিচালক এম খুরশিদ আলম জানিয়েছেন জাতীয় ঈদগাহের পাশাপাশি সারাদেশে প্রতিটি ঈদগাহের নিরাপত্তায় কয়েক স্তরের নিরাপত্তা ব্যবস্থা নিয়েছে র‍্যাব।(রেডিও টুডে:১৩৪৫ ঘ. ০৯.০৪.২০২৪ আসাদ)

**পদ্মা সেতুর টোল প্লাজায় যানবাহনের দীর্ঘ সারি**

ঈদ যাত্রায় ঢাকা থেকে ছেড়ে আসা খুলনা গামী গাড়িগুলো বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এক্সপ্রেস ওয়েতে খুব দ্রুত পদ্মা সেতুর মুন্সিগঞ্জ প্রান্তে পৌঁছলেও সেতুর টোল প্লাজায় গিয়ে তীব্র যান জটে পড়তে হচ্ছে। টোল প্লাজা পার হতে প্রতিটি গাড়িকে ৩০ থেকে ৪০ মিনিট পর্যন্ত অপেক্ষা করতে হচ্ছে। এতে তৈরি হয়েছে গাড়ির দীর্ঘ সারি।(রেডিও টুডে:১৩৪৫ ঘ. ০৯.০৪.২০২৪ আসাদ)

**ঢাকা-টাঙ্গাইল মহাসড়কে ২৫ কিলোমিটার পর্যন্ত যানজটের সৃষ্টি হয়েছে**

ঈদে ঘরমুখো যাত্রীদের ঢল নেমেছে মহাসড়কে । ঢাকা-টাঙ্গাইল মহাসড়কের বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে থেমে থেমে যানজটের সৃষ্টি হচ্ছে। আজ মঙ্গলবার সকালে ঢাকা-টাঙ্গাইল বঙ্গবন্ধু সেতু পূর্ব মহাসড়কের টাঙ্গাইল সদরের আশিক পুর বাইপাস থেকে সেতুর টোল প্লাজা পর্যন্ত প্রায় ২৫ কিলোমিটার সড়কে যানজটের সৃষ্টি হয়েছে। এর আগে ভোরে সেতুর উপর ২২ নম্বর পিলারের কাছে একটি ডাবল ডেকার বাস বিকল হয়ে যাওয়ার পর সেটি উদ্ধারে ৫ মিনিট টোল আদায় বন্ধ ছিল। এতে মহাসড়কে পরিবহনের চাপ আরো বেড়ে যায়।(রেডিও টুডে:১৩৪৫ ঘ. ০৯.০৪.২০২৪ আসাদ)

**ঈদ যাত্রায় আজ কমলাপুর রেলস্টেশনেও ছিল যাত্রীদের উপচে পড়া ভিড়**

ঈদের একদিন আগে রাজধানীর কমলাপুর রেলস্টেশনেও আজ সকাল থেকেই বাড়ি ফেরা মানুষের উপচে পড়া ভিড় লক্ষ্য করা গেছে। ট্রেন আসার সঙ্গে সঙ্গে ট্রেনগুলোতে যাত্রীতে টুইটম্বুর অবস্থা। তবে সকাল থেকেই প্রতিটি ট্রেনই নির্ধারিত সময়ের আধাঘন্টা থেকে এক ঘন্টা দেরিতে ছেড়ে গেছে। রেলওয়ে কর্তৃপক্ষকে বৃদ্ধাঙ্গুলি দেখিয়ে প্রতিটি ট্রেনের ছাদ ছিল যাত্রী বোঝাই। তবে কর্তৃপক্ষকে বলছে যাত্রী চাপে অনেক কিছুই তাদের মেনে নিতে হচ্ছে। আজ কমলাপুর স্টেশন থেকে বিভিন্ন রুটে ৬৯ টি ট্রেন ছেড়ে যাবে।(রেডিও টুডে:১৩৪৫ ঘ. ০৯.০৪.২০২৪ আসাদ)

**পিটার হাসের গা ঢাকা দেওয়ার অভিযোগ সঠিক নয়: মিলার**

বাংলাদেশের দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের আগে ভারতীয় চাপে পড়ে ঢাকার মার্কিন রাষ্ট্রদূত পিটার হাসের গা ঢাকা দেওয়ার অভিযোগটি সঠিক নয় বলেছেন মার্কিন পররাষ্ট্র দপ্তরের মুখপাত্র ম্যাথু মিলার। গতকাল সোমবার এক ব্রিফিংয়ে এক প্রশ্নের জবাবে এ কথা বলেছেন।মার্কিন পররাষ্ট্র দপ্তরে ওই সংবাদ ব্রিফিংয়ের আয়োজন করা হয়।সংবাদ সম্মেলনে এক প্রশ্নকর্তা মিলারের কাছে জানতে চান, ভারতীয় চাপের কারণে বাংলাদেশের নির্বাচনের আগে পিটার হাসের গা ঢাকা দেওয়ার অভিযোগটি সত্যি কি না? নয়াদিল্লিতে বইয়ের মোড়ক উন্মোচনের এক অনুষ্ঠানে এক জ্যেষ্ঠ ভারতীয় কূটনীতিক ও বাংলাদেশে নিযুক্ত সাবেক দূত এসব অভিযোগ করেছেন বলেও উল্লেখ করেন প্রশ্নকর্তা।জবাবে মিলার বলেন, 'আমি যদিও নয়াদিল্লিতে বইয়ের মোড়ক উন্মোচনের সব অনুষ্ঠান অনুসরণ করিনি, তবে না, এটা ঠিক নয়।'ওই প্রশ্নকর্তা আবার জানতে চান, 'কেন নয়?'তখন মিলার তা এড়িয়ে যান। বলেন, তাঁর আরও গুরুত্বপূর্ণ কিছু কাজ আছে। এ বিষয়ে এখন আর কিছু বলতে পারছেন না।(রেডিও টুডে:১৩৪৫ ঘ. ০৯.০৪.২০২৪ আসাদ)

**সরকার দেশে আইএস নাটকের মত নতুন নাটক শুরু করেছে: মঈন খান**

বিএনপি'র কুকী-চীনকে উসকে দেয়ার সুযোগ নেই। সরকার বিএনপিকে জড়িয়ে ভিত্তিহীন বক্তব্য দিচ্ছে এমন অভিযোগ করেছেন দলটির স্থায়ী কমিটির সদস্য ড. আব্দুল মঈন খান। মঙ্গলবার সকালে উত্তরায় বিএনপি নেতা রফিকুল ইসলাম জামালকে দেখতে গিয়ে এই অভিযোগ করেন তিনি। তিনি বলেন বান্দরবানের ঘটনা সরকারের ব্যর্থতা ।সরকার দেশে আইএস নাটকের মত নতুন নাটক শুরু করেছে। ৯৫ শতাংশ মানুষ সব শেষ জাতীয় নির্বাচনে বয়কট করেছে দাবি করে মঈন খান বলেন সামগ্রিক পরিস্থিতি বিবেচনায় বিএনপি'র গণতন্ত্র নষ্ট করার কোন সুযোগ নেই।
(রেডিও টুডে:১৩৪৫ ঘ. ০৯.০৪.২০২৪ আসাদ)

**অধ্যাপক হুমায়ুন আজাদের উপর হামলাকারী জেএমবি নেতা শামীম গ্রেফতার**

২০০৪ সালে অধ্যাপক হুমায়ুন আজাদের উপর হামলাকারী জেএমবি নেতা নূর মোহাম্মদ সাবু ওরফে শামীমকে গ্রেফতার করেছে পুলিশের এন্টি টেরিরিজম ইউনিট এ টি ইউ। আজ মঙ্গলবার সকালে এ টি ইউ এর অতিরিক্ত পুলিশ সুপার নাদিয়া জয়ী এই তথ্য নিশ্চিত করেন।(রেডিও টুডে:১৩৪৫ ঘ. ০৯.০৪.২০২৪ আসাদ)

**জলদস্যুদের হাতে বন্দী নাবিকদের চলতি মাসে উদ্ধার সম্ভব হবে: নৌপরিবহন প্রতিমন্ত্রী**

সোমালিয়ার জলদস্যুদের হাতে বন্দী নাবিকদের চলতি মাসেই উদ্ধার করা সম্ভব হবে বলে জানিয়েছেন নৌপরিবহন প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী। তিনি বলেন সুষ্ঠুভাবে দেশে ফিরিয়ে এনে নাবিকদের তাদের পরিবারের কাছে ফেরত ফেরত দিয়া আমাদের প্রধান দায়িত্ব। সেই লক্ষ্যে কাজ চলছে। বলেন, 'এটা কোনো ছোট ঘটনা নয়, অনেক বড় ঘটনা। কাজেই দিন–তারিখ দিয়ে এটার সমাধান করা সম্ভব নয়। সম্পূর্ণ ঘটনা আমাদের নিয়ন্ত্রণে আছে।'আজ

মঙ্গলবার বাংলাদেশ সচিবালয়ে নিজ দপ্তরে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে নৌপরিবহন প্রতিমন্ত্রী এসব কথা বলেন ।(রেডিও টুডে:১৮৪৫ ঘ. ০৯.০৪.২০২৪ আসাদ)

## বিএনপি আন্তর্জাতিকভাবে চিহ্নিত একটি সন্ত্রাসী দল : ওবায়দুল কাদের

আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, বিএনপি এ দেশের গণতন্ত্রের শত্রু ও আন্তর্জাতিকভাবে চিহ্নিত একটি সন্ত্রাসী দল। তিনি আরও বলেছেন, বিএনপির ভুল রাজনীতির কারণে দলটির নেতা-কর্মীরা হতাশাগ্রস্ত হয়ে পড়েছেন ।আজ মঙ্গলবার এক বিবৃতিতে এসব কথা বলেন ওবায়দুল কাদের ।বিবৃতিতে ওবায়দুল কাদের বলেন, বিএনপির নীতি, আদর্শ ও কর্মপন্থা গণতান্ত্রিক মূল্যবোধের পরিপন্থী। রাজনীতির মঞ্চে বিএনপির অবস্থান গণতন্ত্রের বিপরীত মেরুতে। সামরিক স্বৈরাচারের হাতে প্রতিষ্ঠিত বিএনপি গায়ে গণতন্ত্রের আলখাল্লা জড়ালেও ভেতরে অগণতান্ত্রিক প্রেতাত্মাকে ধারণ করে। তাই সাংবিধানিক ও নিয়মতান্ত্রিক পদ্ধতির প্রতি তাদের কোনো শ্রদ্ধাবোধ নেই ।(রেডিও টুডে:১৮৪৫ ঘ. ০৯.০৪.২০২৪ আসাদ)

## ঈদে মধ্যবিত্তরা মুখ লুকিয়ে কাঁদছে: রিজভী

সরকারি দলের লোকজনের লুটপাট আর দুর্নীতির কারণে জনগণের ঈদের উৎসব ম্লান হয়ে গেছে বলে মন্তব্য করেছেন বিএনপির জ্যেষ্ঠ যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী। তিনি বলেন, দ্রব্যমূল্যের চরম ঊর্ধ্বগতিতে নিম্ন আয়ের মানুষের আর্তি শোনা যাচ্ছে। ঈদের আনন্দ উদ্‌যাপনের বিপরীতে মধ্যবিত্ত মানুষেরা মুখ লুকিয়ে কাঁদছেন ।আজ মঙ্গলবার সকালে রাজধানীর নয়াপল্টনে বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ে এক সংবাদ সম্মেলনে এসব কথা বলেন বিএনপি নেতা রুহুল কবির রিজভী। বিএনপি নেতা রিজভী বলেন, দ্রব্যমূল্যের লাগাম না টেনে সিন্ডিকেটের হোতা ও সরকারের আস্থাভাজন ব্যক্তিরা ব্যস্ত লুটপাট, দুর্নীতি ও বিরোধী মতকে দমন-পীড়নে। সমাজে তৈরি হয়েছে ধনী ও গরিবের বিশাল ব্যবধান। অধিকাংশ মানুষের সামান্য প্রয়োজন মেটানোই এখন দুঃস্বপ্ন। জনজীবনের ঈদ উৎসব ম্লান হয়ে হয়ে গেছে।
(রেডিও টুডে:১৮৪৫ ঘ. ০৯.০৪.২০২৪ আসাদ)

## ময়মনসিংহে পৃথক ৩ সড়ক দুর্ঘটনায় ৮ জন নিহত

ময়মনসিংহে পৃথক তিনটি সড়ক দুর্ঘটনায় একই পরিবারের তিনজন সহ ৮ জন নিহত হয়েছেন। মঙ্গলবার সকাল থেকে দুপুর ২ টা পর্যন্ত এসব ঘটনা ঘটে। এতে জেলা সদরে তিনজন, ত্রিশালে চারজন এবং তারাকান্দায় একজন নিহত হয়েছেন। কোতোয়ালি মডেল থানার ওসি আনোয়ার হোসেন জানান ময়মনসিংহ-টাঙ্গাইল মহাসড়কে ল্যাংড়া বাজার এলাকায় টাঙ্গাইলগামী বাসের পেছনে মহেন্দ্র গাড়ি ধাক্কা দেয় এতে গঠনাস্থলে একই পরিবারের তিনজন মারা যান। এদিকে দুপুরে ত্রিশালের বালিপাড়া রোডে বাসের ধাক্কায় দাঁড়িয়ে থাকা অটো রিক্সার দুজন যাত্রী নিহত হয়েছেন। একই উপজেলার দরিরামপুর এলাকায় ময়মনসিংহ গামী বাসের ধাক্কায় পিকআপ এর দুই যাত্রী নিহত হয়েছেন।
(রেডিও টুডে:১৮৪৫ ঘ. ০৯.০৪.২০২৪ আসাদ)

## আগামী বৃহস্পতিবার সারাদেশে ইদুল ফিতর উদযাপিত হবে

আজ বাংলাদেশেল আকাশে পবিত্র শাওয়াল মাসের চাঁদ দেখা যায়নি । তাই ত্রিশ রোজা পূর্ন করে বৃহস্পতিবার সারাদেশে পবিত্র ইদুল ফিতর উদযাপিত হবে । সন্ধ্যায় জাতীয় মসজিদ বায়তুল মোকাররমে ইসলামী ফাউন্ডেশনের সভাকক্ষে জাতীয় চাঁদ দেখা কমিটির বৈঠকে এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে। জাতীয় চাঁদ দেখা কমিটির সভাপতি ও ধর্মমন্ত্রী ফরিদুল হক খানের সভাপতিত্বে এ বৈঠক হয় । সভায় ১৪৪৫ হিজরি সনের পবিত্র শাওয়াল মাসের চাঁদ দেখা সম্পর্কে সব জেলা প্রশাসন, ইসলামী ফাউন্ডেশনের ৬৪ জেলা কার্যালয় ,বাংলাদেশ আবহাওয়া অধিদফতর এবং মহাকাশ গবেষণা ও দূর অনুধাবণ প্রতিষ্ঠান থেকে প্রাপ্ত তথ্য পর্যালোচনা করা হয় এবং সিদ্ধান্ত হয় মঙ্গলবার সন্ধ্যায় বাংলাদেশের আকাশে পবিত্র শাওয়াল মাসের চাঁদ দেখা যায়নি । তাই আগামী বৃহস্পতিবার সারাদেশে ইদুল ফিতর উদযাপিত হবে। (রেডিও টুডে ২১:৪৫ঘ , ০৯.০৪.২০২৪ রিহাব)

## সৌদি আরবসহ মধ্যপ্রাচ্যের দেশগুলোতে কাল ইদ

সৌদি আরবসহ মধ্যপ্রাচ্যের দেশগুলোতে কাল বুধবার পবিত্র ইদুল ফিতর উদযাপন করা হবে । কাতার ,কুয়েত ও সংযুক্ত আরব আমিরাত ১০ এপ্রিল বুধবার ইদুল ফিতর উদযাপনের সিদ্ধান্ত নিয়েছে । এছাড়া সৌদি আরব ও অস্ট্রেলিয়া ইদের তারিখ ঘোষণা করেছে। দুই দেশেই বুধবার বা ১০ এপ্রিল ইদুল ফিতর উদযাপিত হবে । (রেডিও টুডে ২১:৪৫ঘ , ০৯.০৪.২০২৪ রিহাব)

## নিয়মতান্ত্রিক ছাত্ররাজনীতি করতে ছাত্রলীগের প্রতি আহবান জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী

শুধু বুয়েট নয় সব শিক্ষা প্রতিষ্ঠানেই নিয়মতান্ত্রিক ছাত্ররাজনীতি করতে ছাত্রলীগের প্রতি আহবান জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী ডঃ হাছান মাহমুদ । তিনি বলেন বুয়েটের হল থেকে ছাত্রলীগ কর্মীকে বহিষ্কারের সিদ্ধান্ত গণতান্ত্রিক নয় বরং হঠকারী ছিল । মঙ্গলবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের টিএসসিতে ইদ উপহার বিতরণ অনুষ্ঠানে অংশ নেন হাছান মাহমুদ । সেখানে তিনি বলেন আদালতের রায় এসেছে , বুয়েটে ছাত্ররাজনীতির দুয়ার খুলেছে। তবে ছাত্রলীগকে বলবো বুয়েটে যেন নিয়মতান্ত্রিক রাজনীতি হয় । হিংসার রাজনীতি যেন না হয় সেদিকে খেয়াল রাখতে হবে ।
(রেডিও টুডে ২১:৪৫ঘ , ০৯.০৪.২০২৪ রিহাব)

## জাগো এফএম

### বিএনপি গণতন্ত্রের শত্রু : সেতুমন্ত্রী

আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, 'বিএনপি এদেশের গণতন্ত্রের শত্রু ও আন্তর্জাতিকভাবে চিহ্নিত একটি সন্ত্রাসী দল।' মঙ্গলবার দলটির দফতর সম্পাদক ব্যারিস্টার বিপ্লব বড়ুয়া সই করা এক বিজ্ঞপ্তিতে তিনি এ কথা বলেন। ওবায়দুল কাদের বলেন, 'বিএনপির নীতি, আদর্শ ও কর্মপন্থা গণতান্ত্রিক মূল্যবোধের পরিপন্থি। বিএনপির অবস্থান গণতন্ত্রের বিপরীত মেরুতে। সামরিক স্বৈরাচারের হাতে প্রতিষ্ঠিত বিএনপি গায়ে গণতন্ত্রের আলখেল্লা জড়ালেও ভেতরে অগণতান্ত্রিক প্রেতাত্মাকে ধারণ করে। তাই সাংবিধানিক ও নিয়মতান্ত্রিক পদ্ধতির প্রতি তাদের কোনো শ্রদ্ধাবোধ নেই। অগণতান্ত্রিক শক্তির প্রতিভূ বিএনপি সর্বদাই গণতান্ত্রিক ও স্থিতিশীল পরিবেশ বিনষ্ট করার ষড়যন্ত্রে লিপ্ত।' তিনি বলেন, 'নির্বাচনে অংশগ্রহণ না করে তারা বানচালের উদ্দেশ্যে সন্ত্রাস ও নৈরাজ্য সৃষ্টি করেছিল। বিএনপি তাদের মজ্জাগত সন্ত্রাসকে রাজনৈতিক কর্মসূচির মাধ্যমে আড়াল করার অপচেষ্টা করে। কিন্তু তাদের স্বরূপ আজ জাতির কাছে এবং আন্তর্জাতিক পরিমণ্ডলে স্বীকৃত। কানাডার ফেডারেল আদালতে বিএনপি একটি সন্ত্রাসী সংগঠন হিসেবে অভিহিত হয়েছে।' বিবৃতিতে আওয়ামী লীগ সাধারণ সম্পাদক বলেন, 'লাগাতারভাবে ভুল নীতি ও ভুল কর্মসূচি গ্রহণের মাধ্যমে বিএনপি ভুলের চোরাবালিতে নিমজ্জিত। এখান থেকে উত্তরণের জন্য তাদের স্বভাবজাত পদক্ষেপ গ্রহণের মধ্য দিয়ে তারা আরো গভীরে পড়ে যায়। বিএনপির রাজনীতি চরমভাবে দুর্দশাগ্রস্ত। ভুল রাজনীতির কারণে তাদের নেতা-কর্মীরা হতাশাগ্রস্ত।' তিনি বলেন, 'ব্যর্থ বিএনপির নেতা-কর্মীরা জনগণের মাঝে হতাশার বীজ বপনের অপচেষ্টা করছে। তাদের কোনো স্বপ্ন নেই। তাই বিএনপির নেতারা ইতিবাচক কোনো কিছু দেখতে পায় না। বরং নেতিবাচক রাজনীতির মাধ্যমে দেশ ও জনগণের ক্ষতি সাধনে সর্বদা ষড়যন্ত্রে লিপ্ত থাকে। তাদের এ ধরনের কর্মকাণ্ড দেশ ও জনগণের স্বার্থবিরোধী।' বিবৃতিতে তিনি বলেন, 'বঙ্গবন্ধুকন্যা শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশ আওয়ামী লীগের নেতা-কর্মীরা এ দেশের স্বাধীনতা, সার্বভৌমত্ব ও গণতন্ত্র রক্ষার জন্য নিরলসভাবে কাজ করে যাচ্ছে। সব প্রতিকূলতা ডিঙিয়ে আমরা বাংলাদেশকে এগিয়ে নিয়ে যাব। আগামীর বাংলাদেশ হবে উন্নত, সমৃদ্ধ ও নিরাপদ স্মার্ট বাংলাদেশ।' (জাগো এফএম ওয়েব পেজ : ০৯.০৪.২০২৪ প্রতীক)

### চিকিৎসক দিনে কতজন রোগী দেখতে পারবেন তা বেঁধে দেবে সরকার : স্বাস্থ্যমন্ত্রী

একজন চিকিৎসক দিনে কতজন রোগী দেখতে পারবেন তা সরকার বেঁধে দেবে। এ বিষয়ে বিধান রেখে স্বাস্থ্য সেবা ও সুরক্ষা আইন চূড়ান্ত করা হবে বলে জানিয়েছেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী সামন্ত লাল সেন। মঙ্গলবার, ৯ই এপ্রিল সচিবালয়ে নিজ দফতরে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে মন্ত্রী এ কথা বলেন। তিনি বলেন, ‘আমি কখনোই চিকিৎসকদের দায়িত্বে অবহেলা এবং ভুল চিকিৎসায় রোগীর যদি কোনো ক্ষতি হয়, সেটা কোনোভাবেই মেনে নেবো না। সরকারি হাসপাতালের কোনো চিকিৎসক তার কাজের সময়ের মধ্যে যদি হাসপাতালে না থেকে অন্য কোথাও গিয়ে যদি অপারেশন বা এমন কিছু করে তবে আমি অবশ্যই ব্যবস্থা নেবো।' এক প্রশ্নের জবাবে মন্ত্রী বলেন, ‘ডাক্তার এবং রোগীর সম্পর্কটা একটা গুরুত্বপূর্ণ জিনিস। আমাদের দেশের চিকিৎসকরা কোনো অংশেই ভারত, সিঙ্গাপুর, ব্যাংককের থেকে কম না। কিন্তু আমাদের সবচেয়ে বড় সমস্যা হচ্ছে আমাদের চিকিৎসকদের কাউন্সেলিংয়ের সময়টা দেওয়ার অভাব।' ‘আমরা যে স্বাস্থ্য সেবা ও সুরক্ষা আইনটা করছি, সেখানে এটা রাখবো, একজন চিকিৎসক কত সংখ্যক রোগী দেখতে পারবেন। ওভাবেই আমরা আইনটা করব। অল্প রোগী দেখবেন ভালোভাবে দেখবেন। রোগীদের সময় দিয়ে দেখতে হবে। তখন ডাক্তারদের প্রতি রোগীদের আস্থা আসবে।’ চিকিৎসকদের প্রতি আস্থা নেই বলে অনেকে বিদেশে চলে যাচ্ছে মন্তব্য করে সামন্ত লাল সেন বলেন, 'ওখানে গিয়ে যে খুব একটা ভালো কিছু হবে সেটা না। আমি তো ভুটান থেকে রোগী নিয়ে এসেছি। ভুটানের রোগী আমাদের এখানে চিকিৎসা নিয়েছে।' স্বাস্থ্যমন্ত্রী বলেন, ‘ভুটানের রাজা বাংলাদেশে এসে অনেক খুশি। আমরা ভুটানে একটা বার্ন ইউনিট বানিয়ে দিচ্ছি। আমাদের সক্ষমতা প্রকাশ করার জন্য বাইরে আমরা হাসপাতাল বানানোর অনুমতি দিয়েছি।’ ওষুধ এবং এনেস্থেসিয়ার গুণগত মান নিয়ে প্রশ্ন উঠেছে। রাজশাহীতে স্যালাইন দেওয়ার পর চার প্রসূতির মৃত্যু হয়েছে বলে অভিযোগ উঠেছে, এ বিষয়ে মন্ত্রী বলেন, 'আমি এ বিষয়ে ওষুধ প্রশাসন অধিদফতরের মহাপরিচালককে একটা কড়া নির্দেশ দিয়েছি যেনো তিনি এটা তদন্ত করেন। যে কয়জন রোগী মারা গেছেন, তাদের কি স্যালাইন ইউজ করা হয়েছিল বা হয়েছিল কি না। একই সঙ্গে ওষুধের গুণগত মান ভালো না, কেনো ভেজাল, এটা নিয়ে আমি কাজ করছি এবং ডিজি ড্রাগকে এ বিষয়ে নির্দেশনাও দিয়েছি।' (জাগো এফএম ওয়েব পেজ : ০৯.০৪.২০২৪ প্রতীক)

### রাশিয়াতে তৈরি পোশাক-পাটজাত পণ্য রপ্তানি বাড়াতে চায় সরকার : বস্ত্র ও পাটমন্ত্রী

সরকার তৈরি পোশাক ও পাটজাত পণ্য রাশিয়াতে আরো বেশি রফতানি করতে চায় বলে জানিয়েছেন বস্ত্র ও পাটমন্ত্রী এবং বাংলাদেশ আওয়ামী লীগের সভাপতিমণ্ডলীর সদস্য জাহাঙ্গীর কবির নানক। রাশিয়া পাট ও পাটজাত পণ্যের বড় রফতানি বাজার হতে পারে বলেও জানিয়েছেন মন্ত্রী। মঙ্গলবার, ৯ই এপ্রিল সচিবালয়ে বাংলাদেশে নিযুক্ত রাশিয়ার রাষ্ট্রদূত আলেক্সান্ডার ভি মন্টিটস্কির সঙ্গে সাক্ষাৎ শেষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে মন্ত্রী এ কথা বলেন। নানক বলেন, 'বাংলাদেশের মুক্তিযুদ্ধে বড় অবদান রয়েছে রাশিয়ার। রাশিয়া আমাদের দীর্ঘদিনের পরীক্ষিত বন্ধু। তারা

আমাদের মহান স্বাধীনতা যুদ্ধে এবং যুদ্ধ পরবর্তী দেশ পুনর্গঠনে যেমন সহযোগিতা করেছে, তেমনি বর্তমান সময়েও তা অব্যাহত রেখেছে।' রাশিয়ায় পাট ও পাটজাত পণ্য রফতানিতে বস্ত্র ও পাট মন্ত্রণালয় গুরুত্ব দিচ্ছে জানিয়ে মন্ত্রী বলেন, 'এক্ষেত্রে দুই দেশে বাণিজ্য মেলা করার বিষয়ে আলোচনা হয়েছে। এর পাশাপাশি রাশিয়া বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে সার্বিক সহযোগিতা অব্যাহত রাখার প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করেছে।' বাংলাদেশের পাটখাতে রাশিয়ান বিনিয়োগ আসবে কি না সাংবাদিকদের এমন প্রশ্নের জবাবে মন্ত্রী বলেন, 'আলোচনা চলছে। তাদের ব্যবসায়িক প্রতিনিধিরা আসছে। আশা করি, রাশিয়ার বিনিয়োগকারীরা পাটখাতে বিনিয়োগ করবে।' রাশিয়ার রাষ্ট্রদূত আলেক্সান্ডার ম্যান্টিটস্কি বলেন, 'অনেক বড় বড় কোম্পানি রাশিয়া থেকে চলে গেছে। সেই সুযোগ কাজে লাগাতে পারে বাংলাদেশ। বিশেষ করে আমরা গার্মেন্টস, টোব্যাকো, কৃষি পণ্য ও চামড়াজাত পণ্য নিতে চাই বাংলাদেশ থেকে। পাট ও পাটজাত পণ্য নিয়েও যথেষ্ট আগ্রহ আছে রাশিয়ার।' এ সময় বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের সচিব মোঃ আব্দুর রউফ উপস্থিত ছিলেন। (জাগো এফএম ওয়েব পেজ : ০৯.০৪.২০২৪ প্রতীক)

## বাংলাদেশের সফলতা তুলে ধরতে হচ্ছে ন্যাপ এক্সপো : পরিবেশমন্ত্রী

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তনমন্ত্রী সাবের হোসেন চৌধুরী বলেছেন, 'বাংলাদেশের জনগণের জলবায়ু পরিবর্তনের অভিঘাত সফলভাবে মোকাবিলা করার বিষয়গুলো বিশ্ববাসীর কাছে তুলে ধরার জন্য আয়োজন করা হচ্ছে ন্যাপ এক্সপো ২০২৪ বাংলাদেশ। আগামী ২২-২৫শে এপ্রিল বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে এই এক্সপো অনুষ্ঠিত হবে। ২২শে এপ্রিল প্রধানমন্ত্রী শেখ হাসিনা এ সম্মেলন উদ্‌বোধন করবেন। এক্সপোতে জলবায়ু পরিবর্তনের অভিঘাত মোকাবিলায় বিভিন্ন দেশের অভিযোজন কার্যক্রম সম্পর্কিত বিভিন্ন বিষয় থেকে সবাই পারস্পরিকভাবে উপকৃত হতে পারবো।' মঙ্গলবার, ৯ই এপ্রিল আগামী ২২-২৫শে এপ্রিল ঢাকায় অনুষ্ঠিতব্য আন্তর্জাতিক সম্মেলন `ন্যাপ এক্সপো-২০২৪ বাংলাদেশ' এর প্রস্তুতি উপলক্ষে বাংলাদেশ সচিবালয়ে মন্ত্রণালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত সভায় সভাপতির বক্তব্যে পরিবেশমন্ত্রী এসব কথা বলেন।পরিবেশমন্ত্রী বলেন, 'রেইন ওয়াটার হার্ভেস্টিং, পাহাড়ি অঞ্চলে সোলার এনার্জির মাধ্যমে পানি উত্তোলনের ব্যবস্থা, জলবায়ু সহিষ্ণু বীজ ও অন্যান্য কৃষি কার্যক্রম সংক্রান্ত বিষয়, অভিযোজন কর্মকাণ্ডের সমর্থনে ডেল্টা প্ল্যানের বিভিন্ন কর্মকাণ্ড, জলবায়ু অভিযোজনের জন্য সাইক্লোন সেল্টার, রাস্তাঘাট, কালভার্ট নির্মাণ ইত্যাদি জলবায়ু অভিযোজনের বিষয়সমূহ প্রদর্শন করা হবে। এছাড়াও বিদেশিদের নিকট বাংলাদেশের ইতিহাস, সংস্কৃতি ঐতিহ্য তুলে ধরা হবে। বিদেশি স্টলে প্রদর্শিত অভিযোজন কর্মকাণ্ড থেকেও আমরা অভিজ্ঞতা লাভ করতে পারবো।' তিনি বলেন, 'এক্সপোতে দেশের জলবায়ু অভিযোজন প্রদর্শনের জন্য পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন, পানিসম্পদ মন্ত্রণালয়, কৃষি মন্ত্রণালয়, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এবং মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের স্টল অংশগ্রহণ করবে। এছাড়াও বিভিন্ন উন্নয়ন সহযোগীর মধ্যে ইউএনএফসিসি, জিসিএফ, ইউএনডিপি, আইওএম, জিসিএ এবং এনজিওদের মধ্যে ব্র্যাক, ওশি, উইনরক, অংশগ্রহণ করবে। ১১৪টি দেশের প্রতিনিধিরা অংশগ্রহণ করবেন। ইউনাইটেড নেশনস ফ্রেমওয়ার্ক কনভেনশন অন ক্লাইমেট চেঞ্জ-এর সহযোগিতায় এবং লেটেস্ট ডেভেলপড কান্ট্রিজ এক্সপার্ট গ্রুপের ব্যবস্থাপনায় বাংলাদেশে ন্যাপ এক্সপো-২০২৪ অনুষ্ঠিত হবে।' সভায় পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব, প্রশাসন ইকবাল আব্দুল্লাহ হারুন, অতিরিক্ত সচিব, পরিবেশ তপন কুমার বিশ্বাস, অতিরিক্ত সচিব, পরিবেশ ড. ফাহমিদা খানম, পরিবেশ অধিদফতরের মহাপরিচালক ড. আবদুল হামিদ-সহ মন্ত্রণালয় ও অধিদফতরের উর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন। (জাগো এফএম ওয়েব পেজ : ০৯.০৪.২০২৪ প্রতীক)

## বুয়েটে ছাত্ররাজনীতি ও শিক্ষার পরিবেশ দুটোই থাকা উচিত : পররাষ্ট্রমন্ত্রী

পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ বলেছেন, 'বুয়েটে যেমন অবশ্যই ছাত্ররাজনীতি থাকা উচিত, তেমনি শিক্ষার পরিবেশ যেনো বজায় থাকে সেদিকেও লক্ষ রাখতে হবে।' মঙ্গলবার, ৯ই এপ্রিল দুপুরে ঢাকা বিশ্ববিদ্যালয়ের টিএসসি প্রাঙ্গণে প্রধানমন্ত্রীর পক্ষ থেকে ঈদ উপহার বিতরণে বাংলাদেশ ছাত্রলীগ কেন্দ্রীয় কমিটি আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এ কথা বলেন। ছাত্রলীগ সভাপতি সাদ্দাম হোসেনের সভাপতিত্বে সাধারণ সম্পাদক শেখ ওয়ালী আসিফ ইনান অনুষ্ঠান সঞ্চালনা করেন। দেশের সব অর্জনের সঙ্গে ছাত্ররাজনীতি এবং ছাত্রলীগ যুক্ত উল্লেখ করে আওয়ামী লীগের এ যুগ্ম সাধারণ সম্পাদক বলেন, 'আমাদের স্বাধীনতা সংগ্রামে, স্বাধীনতাযুদ্ধে, স্বাধীনতা পরবর্তী সময়ে দেশ গঠনে এবং এরশাদ ও জিয়া যখন আমাদের গণতন্ত্রকে শিকল পরিয়েছিল, গণতন্ত্রকে বন্দি করেছিল, সেই গণতন্ত্রকে মুক্ত করার লক্ষ্যে ছাত্রলীগ ভূমিকা রেখেছে।' পররাষ্ট্রমন্ত্রী বলেন, 'বুয়েটে ছাত্ররাজনীতি অবদান রেখেছে, সেই ছাত্ররাজনীতি থেকে অনেক দেশবরেণ্য রাজনীতিবিদের জন্ম হয়েছে যারা দেশকে নেতৃত্ব দিয়েছেন, দিচ্ছেন। কিন্তু আমি অবাক সেখানে একটি দুঃখজনক ঘটনাকে কেন্দ্র করে ছাত্ররাজনীতি বন্ধ করা হয় এবং ছাত্ররাজনীতি বন্ধ করার জন্য আবার সেখানে আন্দোলনও হয়। এটা কোনোভাবেই গণতান্ত্রিক নয় এবং হঠকারী সিদ্ধান্ত বলেই আদালত বিশ্ববিদ্যালয়ের সেই আদেশ বাতিল করেছেন। সেখানে ছাত্ররাজনীতি দুয়ার খুলেছে।' ছাত্রলীগের উদ্দেশে তিনি বলেন, 'ছাত্রলীগকে বলবো, সেখানে যেন নিয়মতান্ত্রিক ছাত্ররাজনীতি হয়, হিংসা-বিদ্বেষের রাজনীতি যেন না ঢোকে। সব শিক্ষাপ্রতিষ্ঠানে নিয়মতান্ত্রিক ছাত্ররাজনীতি থাকা প্রয়োজন, এর মাধ্যমে ভবিষ্যতের নেতা তৈরি হয়।' এ সময় নিজের জীবনের উদাহরণ দিয়ে হাছান মাহমুদ বলেন, 'আমি ১৫ বছর বয়সে ক্লাস টেনে পড়ার সময় থেকে ছাত্রলীগের কর্মী।

১৬ বছর বয়সে ছাত্রলীগের কলেজ শাখার সাধারণ সম্পাদক হয়েছি।' পররাষ্ট্রমন্ত্রী বলেন, 'রাজনীতি যে দেশ ও মানুষের সেবা এবং সমাজ পরিবর্তনের একটি ব্রত, সেটি অনেক রাজনীতিবিদ ভুলে গেছেন। প্রকৃতপক্ষে রাজনীতি কারো পেশা হওয়া উচিত নয়। প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে আমরা বস্তুগত উন্নয়নের সঙ্গে একটি মানবিক ও সামাজিক কল্যাণ রাষ্ট্র গঠন করতে চাই। সেই লক্ষ্যেই বঙ্গবন্ধুকন্যা বহু কল্যাণ ভাতা চালু করেছেন। সেই ব্রত ধারণ করেই আজ ছাত্রলীগ দুস্থ অসহায় মানুষের মধ্যে ঈদসামগ্রী বিতরণ করার উদ্যোগ নিয়েছে, এজন্য তাদের অভিনন্দন। সভা শেষে আগতদের মাঝে ঈদ উপহার বিতরণ করেন মন্ত্রী। (জাগো এফএম ওয়েব পেজ : ০৯.০৪.২০২৪ প্রতীক)

## জলদস্যুদের হাত থেকে জাহাজ এ মাসেই উদ্ধার সম্ভব হবে : নৌ-পরিবহন প্রতিমন্ত্রী

সোমালিয়ার জলদস্যুদের হাতে বন্দি ২৩ জন নাবিকসহ জাহাজ এমভি আবদুল্লাহ চলতি মাসেই উদ্ধার করা সম্ভব হবে বলে জানিয়েছেন নৌ-পরিবহন প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী।মঙ্গলবার, ৯ই এপ্রিল সচিবালয়ের নিজ দফতরে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এ কথা বলেন। প্রতিমন্ত্রী বলেন, 'অপহৃত নাবিকদের সুস্থভাবে দেশে ফিরিয়ে এনে তাদের পরিবারের কাছে ফেরত দেওয়া হচ্ছে আমাদের প্রধান দায়িত্ব। সেই লক্ষ্যে কাজ চলছে। এটা কোনো ছোট ঘটনা নয়, অনেক বড় ঘটনা। কাজেই দিন তারিখ দিয়ে এটার সমাধান করা সম্ভব নয়। তবে আমরা বলতে পারি সম্পূর্ণ ঘটনা আমাদের নিয়ন্ত্রণে আছে। আমরা আশা করছি, আমরা নাবিকদের সুস্থভাবে দেশে ফিরিয়ে আনতে পারবো।' তিনি বলেন, 'আমাদের একটা লক্ষ্য ছিল, পবিত্র ঈদুল ফিতরের আগে তাদের যেনো আনতে পারি। কিন্তু সেই টার্গেটটা পূরণ করতে পারিনি সেটা ব্যর্থ হয়েছে। তবে আশা করছি অল্প কিছুদিনের মধ্যেই তাদের দেশে ফিরিয়ে আনতে পারবো। আমরা আশা করি এই মাসের মধ্যে একটি সুষ্ঠু সমাধান হবে।' তিনি আরো বলেন, 'পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমেই জিনিসটার সমাধান করার চেষ্টা করছি। তবে আমাদের নৌ বিভাগ আন্তর্জাতিক এলাকায় কাজ করে, তারাও খোঁজ-খবর রাখছেন। সার্বিক বিবেচনায় বলছি, পরিস্থিতি আমাদের নিয়ন্ত্রণের বাইরে যায়নি।' নাবিকদের সঙ্গে যোগাযোগ হচ্ছে জানিয়ে তিনি বলেন, নৌ-অধিদফতরও নিয়মিত যোগাযোগ রাখছে। কথাবার্তা হচ্ছে। তারা ভালো আছেন। তবে বিষয়টি অল্প কিছুদিনের মধ্যে সমাধান হবে। এখন দস্যুদের সঙ্গে আচরণটা কীভাবে হয়, এই ধরনের আলোচনা করার জন্য কিছু কিছু সংগঠন আছে। তাদের মাধ্যমে যোগাযোগ হচ্ছে।' প্রতিমন্ত্রী আরো বলেন, 'আমরা তো কখনো দস্যুদের মোকাবিলা করিনি। কাজেই আমরা বলতে পারবো না, কীভাবে আলোচনা হচ্ছে। যারা দস্যুদের সঙ্গে চলাফেরা করেন, সেই মানুষদের মাধ্যমেই তাদের সঙ্গে যোগাযোগ হচ্ছে। এর আগে ইউক্রেনের অলিভিয়া বন্দরে যখন বাংলার সমৃদ্ধি আটকে গেলো, তখনো এই ধরনের কিছু সাহায্য নিয়ে সমাধান করেছিলাম।' এর আগে গত ১২ই মার্চ বাংলাদেশ সময় দুপুর ১টার দিকে ভারত মহাসাগরে সোমালিয়ান জলদস্যুদের কবলে পড়ে বাংলাদেশি জাহাজ এমভি আবদুল্লাহ। সে সময় জাহাজটি সোমালিয়া উপকূল থেকে ৪৫০ ন্যাটিক্যাল মাইল দূরে অবস্থান করছিল। দস্যুদের কাছে জিম্মি ২৩ বাংলাদেশি নাবিক ও ক্রু। আফ্রিকার দেশ মোজাম্বিক থেকে কয়লা নিয়ে সংযুক্ত আরব আমিরাতে যাওয়ার পথে জাহাজটি জলদস্যুর কবলে পড়ে। এমভি আব্দুল্লাহ দেশের শীর্ষ শিল্প গ্রুপ কেএসআরএম-এর মালিকানাধীন এসআর শিপিংয়ের জাহাজ। এটি একটি বাল্ক কেরিয়ার। এর দৈর্ঘ্য ১৮৯ দশমিক ৯৩ মিটার এবং প্রস্থ ৩২ দশমিক ২৬ মিটার। প্রথমে জাহাজটির নাম ছিল গোল্ডেন হক। বাংলাদেশের কেএসআরএম গ্রুপের বহরে যুক্ত হওয়ার পর এর নাম হয় এমভি আবদুল্লাহ। (জাগো এফএম ওয়েব পেজ : ০৯.০৪.২০২৪ প্রতীক)

## জাতীয় ঈদগাহে ৩৫ হাজার মুসল্লির নামাজের ব্যবস্থা : মেয়র তাপস

জাতীয় ঈদগাহে ঈদুল ফিতরের নামাজের প্রধান জামাতে ৩৫ হাজার মুসল্লি অংশ নিতে পারবেন বলে জানিয়েছেন ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের মেয়র ব্যারিস্টার শেখ ফজলে নূর তাপস। এছাড়া এই জামাতে নারীদের নামাজের ব্যবস্থা করা হয়েছে বলেও জানান তিনি। মঙ্গলবার, ৯ই এপ্রিল দুপুরে জাতীয় ঈদগাহ পরিদর্শন শেষে সাংবাদিকদের এসব তথ্য জানান ডিএসসিসি মেয়র। মেয়র তাপস বলেন, 'ঈদুল ফিতরের নামাজের প্রায় সব প্রস্তুতি আমরা সম্পন্ন করেছি। আর যে একদিন আছে, এর মধ্যে বাকি কাজ সম্পন্ন করবো। গত দুই বছরের মতো ঢাকাবাসীকে আমরা আমন্ত্রণ জানাতে চাই, পরিবার-পরিজন নিয়ে এই জামাতে অংশগ্রহণ করার জন্য এবং ঈদের আনন্দ ভাগ করে নেওয়ার জন্য।' তিনি বলেন, 'এখানে ৩৫ হাজার মুসল্লির জামাতের ব্যবস্থা করা হয়েছে। এজন্য সব ধরনের সুযোগ-সুবিধা নিশ্চিত করা হয়েছে।' মেয়র বলেন, আমরা আশা করছি কোনো ধরনের বৃষ্টি হবে না ঈদের দিন। আবহাওয়া অধিদফতর থেকে আমরা সে ধরনের তথ্য পেয়েছি। কালবৈশাখী ঝড় অথবা প্রবল বৃষ্টিপাত হলেও এখানে যেনো সুষ্ঠুভাবে জামাত অনুষ্ঠিত হয়, সেই ব্যবস্থা করেছি। পুরোটা অংশ আমরা ত্রিপল দিয়ে ঢেকে দিয়েছি, যেন পানি পড়তে না পারে এবং কোনো দুর্ভোগ না হয়।' জামাতে জায়নামাজ এবং ছাতা বাদে কিছু আনার সুযোগ নেই জানিয়ে তিনি বলেন, 'মুসল্লিরা জায়নামাজ এবং ছাতা আনতে পারবেন। তবে দেয়াশলাইসহ আগুন জ্বালানোর কোনো সরঞ্জাম নিয়ে জামাতে প্রবেশ না করতে সবাইকে অনুরোধ জানাচ্ছি।' তিনি আরো বলেন, 'এখানে আমাদের নিয়ন্ত্রণকক্ষ থাকবে এবং স্বাস্থ্যসেবার সব ব্যবস্থা থাকবে। যাতে মুসল্লিদের কোনো সমস্যা না হয়। জামাতে প্রবেশের জন্য চারটি প্রবেশপথ তৈরি করা হয়েছে। নারীদের জন্য আলাদা প্রবেশপথ রয়েছে। এছাড়া জামাত শেষে বেরোনোর জন্য আরো তিনটি ফটক আমরা রেখেছি যেনো সবাই দ্রুত বের হয়ে যেতে পারেন।'

(জাগো এফএম ওয়েব পেজ : ০৯.০৪.২০২৪ প্রতীক)

## ঈদের জামাত ঘিরে নিরাপত্তা হুমকি নেই : র‍্যাব মহাপরিচালক

ঈদুল ফিতরের জামাত ঘিরে কোনো নিরাপত্তা হুমকি নেই বলে জানিয়েছেন র‍্যাবের মহাপরিচালক অতিরিক্ত আইজিপি এম খুরশীদ হোসেন। মঙ্গলবার, ৯ই এপ্রিল জাতীয় ঈদগাহ ময়দান পরিদর্শন শেষে এক ব্রিফিংয়ে তিনি এ কথা বলেন। তিনি বলেন, 'ঈদে গুজব নিয়ন্ত্রণে সামাজিক যোগাযোগ মাধ্যমগুলোতে নজরদারিতে বিশেষ দল কাজ করছে। ঈদুল ফিতরের জামাত উপলক্ষে র‍্যাবের পক্ষ থেকে গোয়েন্দা নজরদারি বাড়ানো হয়েছে। নিরাপত্তা নিশ্চিত করতে প্রতিটি এলাকায় পর্যাপ্ত র‍্যাব সদস্য নিয়োজিত করা হয়েছে। এছাড়া রয়েছে র‍্যাবের কন্ট্রোল রুম, স্ট্রাইকিং রিজার্ভ, ফুট ও মোবাইল পেট্রল, চেকপোস্ট। পাশাপাশি সিসিটিভি মনিটরিং করা হচ্ছে। চেকপোস্ট এমনভাবে করা হবে যাতে ঘরমুখো মানুষদের হয়রানির মুখে পড়তে না হয়।' খুরশীদ হোসেন বলেন, 'এরই মধ্যে ট্রেনে কালোবাজারি রোধে অভিযান পরিচালনা করা হয়েছে। লঞ্চপথে হয়রানি রোধে র‍্যাবের পক্ষ থেকে পর্যাপ্ত ব্যবস্থা নেওয়া হবে। বাসচালকদের লাইসেন্স ও গাড়ির ফিটনেস চেক করাসহ বাড়তি ভাড়া আদায়ের কোনো অভিযোগ থাকলে যথাযথ ব্যবস্থা নেওয়া হবে।' তিনি আরো বলেন, 'জাতীয় ঈদগাহসহ অন্য ঈদগাহে পর্যাপ্ত নিরাপত্তাব্যবস্থা নেওয়া হয়েছে। ঈদের নামাজে ডগ স্কোয়াড ও বোম্ব ডিসপোজাল ইউনিট সার্বক্ষণিক নিয়োজিত থাকবে। যে কোনো হামলা ও নাশকতা মোকাবিলার র‍্যাবের স্পেশাল ফোর্সের কমান্ডো টিম প্রস্তুত রাখা হয়েছে।' র‍্যাব ডিজি বলেন, 'গোয়েন্দা তথ্য ও সাইবার মনিটরিংসহ অন্য তথ্য বিশ্লেষণ করে এবারের ঈদুল ফিতর উপলক্ষে কোনো জঙ্গি হামলার ব্যাপারে সুনির্দিষ্ট তথ্য পাওয়া যায়নি। তবুও আমাদের গোয়েন্দা নজরদারি ও তৎপরতা সার্বক্ষণিক বজায় থাকবে।' (জাগো এফএম ওয়েব পেজ : ০৯.০৪.২০২৪ প্রতীক)

## জঙ্গি তৎপরতার কোনো আশঙ্কা নেই : ডিএমপি কমিশনার

আসন্ন ঈদুল ফিতরে জঙ্গি তৎপরতার কোনো আশঙ্কা নেই বলে জানিয়ে ঢাকা মেট্রোপলিটন পুলিশের কমিশনার হাবিবুর রহমান বলেছেন, 'জাতীয় ঈদগাহে প্রবেশের ক্ষেত্রে পাঁচ স্তর বিশিষ্ট নিরাপত্তা ব্যবস্থা থাকবে। সিসিটিভি ক্যামেরা দিয়ে পুরো ঈদগাহ ময়দান পর্যবেক্ষণ করা হবে। নামাজ পড়তে আসা মুসল্লিরা জায়নামাজ ব্যতীত কোনো প্রকার ব্যাগ সঙ্গে আনতে পারবেন না।' মঙ্গলবার, ৯ই এপ্রিল আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ে এক ব্রিফিংয়ে তিনি এসব কথা বলেন। রাজধানীর সব ঈদ জামাতেই অতিরিক্ত নিরাপত্তা ব্যবস্থা থাকবে জানিয়ে পুলিশ কমিশনার আরো বলেন, 'কেএনএফ নিয়ে রাজধানীতে এখন পর্যন্ত কোনো শঙ্কা নেই। জঙ্গি তৎপরতার খবর নেই। তবে নিরাপত্তা ব্যবস্থা জোরদার আছে।' এছাড়া ঈদ যাত্রায় নির্ধারিত ভাড়ার চেয়ে বেশি নিলেই ব্যবস্থা নেওয়া হবে বলেও জানান ডিএমপি কমিশনার। (জাগো এফএম ওয়েব পেজ : ০৯.০৪.২০২৪ প্রতীক)

## বঙ্গবন্ধু সেতুতে একদিনে ৩ কোটি ৩৬ লাখ ৬ হাজার ৮৫০ টাকার টোল আদায়

ঈদ সামনে বঙ্গবন্ধু সেতু দিয়ে যানবাহন পারাপার বেড়েছে। এতে টোল আদায় স্বাভাবিকের তুলনায় দ্বিগুণ বেড়েছে। গত ২৪ ঘণ্টায় সেতু দিয়ে ৪৩ হাজার ৪২৭টি যানবাহন পারাপার হয়েছে। এতে টোল আদায় হয়েছে তিন কোটি ৩৬ লাখ ৬ হাজার ৮৫০ টাকা।বঙ্গবন্ধু সেতু সাইট অফিসের নির্বাহী প্রকৌশলী আহসানুল কবীর পাভেল বিষয়টি নিশ্চিত করেছেন। তিনি জানান, 'সোমবার, ৮ই এপ্রিল ভোর ৬টা থেকে মঙ্গলবার, ৯ই এপ্রিল ভোর ৬টা পর্যন্ত ২৪ ঘণ্টায় বঙ্গবন্ধু সেতু দিয়ে ৪৩ হাজার ৪২৭টি যানবাহন পারাপার হয়। এতে টোল আদায় হয়েছে তিন কোটি ৩৬ লাখ ৬ হাজার ৮৫০ টাকা। এরমধ্যে টাঙ্গাইলের বঙ্গবন্ধু সেতু পূর্ব অংশে ২৭ হাজার ২৩২টি যানবাহন পারাপার হয়। এতে টোল আদায় হয়েছে এক কোটি ৭১ লাখ ৪ হাজার ৯৫০ টাকা। আর সিরাজগঞ্জের সেতু পশ্চিম অংশে ১৬ হাজার ১৯৫টি যানবাহন পারাপার হয়। এতে টোল আদায় হয়েছে এক কোটি ৩২ লাখ ৬১ হাজার ৯০০ টাকা।' যানজট নিরসনে সেতুর উভয় অংশে ৯টি করে ১৮টি টোল বুথ স্থাপনসহ মোটরসাইকেলের জন্য চারটি বুথ স্থাপন করা হয়েছে বলেও জানান নির্বাহী প্রকৌশলী আহসানুল কবীর পাভেল। (জাগো এফএম ওয়েব পেজ : ০৯.০৪.২০২৪ প্রতীক)

## বান্দরবানে ব্যাংক ডাকাতির ঘটনায় ৫২ কেএনএফ সদস্য কারাগারে

বান্দরবানের রুমা ও থানচিতে ডাকাতির ঘটনায় গ্রেফতার সশস্ত্র গোষ্ঠী কুকি-চিন ন্যাশনাল ফ্রন্ট, কেএনএফ-এর ৫২ সদস্যকে কারাগারে পাঠানো হয়েছে। মঙ্গলবার, ৯ই এপ্রিল তিন দফায় আসামিদের বান্দরবান চিফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে উপস্থাপন করা হয়। পরে বিচারক, সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট নাজমুল হোসেন তাদের কারাগারে পাঠানোর নির্দেশ দেন। আসামিরা হলেন থানচির ভান লাল বম, রোয়াংছড়ির ভানুনুন নুয়াম বম, থানচির জেমিনিউ বম, আমে লনচেও বম, রুমার ভানলাল দিক বম , সাইরাজ বম, রুয়ল কমলিয়ান বম , গিলবার্ট বম, লাল রাম তিয়াম বম , লিয়ান নোয়াই থাং বম , নল থন বম, পেনাল বম, লাল মুন লিয়ান বম, জাসোয়া বম, জৌনুন সাং বম, বান লাল সম, লালদাম লিয়ান বম, রেম থন বম, সাপলিয়ান থাং বম , লম জুয়েল লম , পাসুম বম , লাল শাওসম বম, বানরোয়াথ ময় বম, লাল রোয়াই বম, লাল কিমপার বম, লাল রোয়াই বম, লাল কিম পার, লাল রোয়াথ লন বম, লাল প্লেং কিম বম, রৌসাং লিয়ান বম, লাল পাংপুই বম , বারৌ সাং বম , লাল ইমানুয়েল বম , লাল কিম সাং বম, সুনপার লিয়ান বম, জেমস মিল্টন বম, রাম থাম লিয়ান বম, মেলরী বম, জিং রোল এং বম , বান রিম কিম বম, লেরী বম, নেমপেল বম, লাল তানহকিম বম, পারঠা জোয়াল বম, লাল নুন কিম বম, লাল নুন রম , লাল নু এং বম, টিনা

বম, লাল নুন জির বম, জিংরেম বম , আলমন বম , ভানইন কিম বম, লালসিংপার বমও শিউলি বম । তারা সবাই থানচি ও রুমার বাসিন্দা। এর আগে রুমা ও থানচিতে ব্যাংক ডাকাতি, মসজিদে হামলা, টাকা-অস্ত্র লুটের ঘটনায় করা মামলায় এ ৫২ জনকে গ্রেফতার করা হয়। বিভিন্ন জায়গায় অভিযান চালিয়ে তাদের গ্রেফতার করে যৌথবাহিনী। কোর্ট পুলিশ পরিদর্শক এ কে ফজলু হক ৫২ কেএনএফ সদস্যকে কারাগারে পাঠানোর বিষয়টি নিশ্চিত করেছেন। তার আগে কেএনএফ-এর প্রধান সমন্বয়ক চেওচিম বম ও ডাকাতিতে ব্যবহৃত জিপগাড়ির চালক কফিল উদ্দিন সাগরকে কারাগারে পাঠান আদালত। (জাগো এফএম ওয়েব পেজ : ০৯.০৪.২০২৪ প্রতীক)

## চাঁদ দেখা যায়নি, ইদ বৃহস্পতিবার

মঙ্গলবার সন্ধ্যায় দেশের আকাশে শাওয়াল মাসের চাঁদ দেখা যায়নি। বৃহস্পতিবার (১১ এপ্রিল) মুসলমানদের সবচেয়ে বড় ধর্মীয় উৎসব পবিত্র ইদুল ফিতর উদ্‌যাপিত হবে। রাজধানীর বায়তুল মোকাররমে ইসলামিক ফাউন্ডেশনের সভাকক্ষে মঙ্গলবার (৯ এপ্রিল) সন্ধ্যায় জাতীয় চাঁদ দেখা কমিটির সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে। সভায় সভাপতিত্ব করেন জাতীয় চাঁদ দেখা কমিটির সভাপতি ও ধর্ম বিষয়কমন্ত্রী মো. ফরিদুল হক খান। এবার মুসলমানদের সিয়াম সাধনার মাস রমজানের ৩০ দিন পূর্ণ হচ্ছে। রমজান শেষে শাওয়াল মাসের প্রথম দিন মুসলমানরা ইদুল ফিতর উদ্‌ যাপন করেন। সভায় ধর্মমন্ত্রী জানান, সব জেলা প্রশাসন, ইসলামিক ফাউন্ডেশনের প্রধান কার্যালয়, বিভাগীয় ও জেলা কার্যালয়, আবহাওয়া অধিদপ্তর, মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন কেন্দ্র থেকে প্রাপ্ত তথ্য অনুযায়ী, বাংলাদেশের আকাশে হিজরি ১৪৪৫ সনের শাওয়াল মাসের চাঁদ দেখা যায়নি। বুধবার (১০ এপ্রিল) রমজান মাসের ৩০ দিন পূর্ণ হচ্ছে। বৃহস্পতিবার (১১ এপ্রিল) শাওয়াল মাসের প্রথম দিন দেশে ইদুল ফিতর উদ্‌যাপিত হবে।

দীর্ঘ এক মাস রোজা রাখার পর দেশের মুসলমানদের এখন ইদের আনন্দে মেতে ওঠার অপেক্ষা। এরই মধ্যে রাজধানী ঢাকাসহ সারাদেশে ইদের জামাতের প্রস্তুতি শেষ পর্যায়ে।

এদিকে শাওয়াল মাসের চাঁদ দেখা যাওয়ায় সৌদি আরবসহ মধ্যপ্রাচ্যের দেশগুলোতে বুধবার পবিত্র ইদুল ফিতর উদযাপিত হচ্ছে। সৌদি আরবের সঙ্গে মিল রেখে বুধবার চাঁদপুর, চট্টগ্রাম, শরিয়তপুর, লক্ষীপুর, বরগুনাসহ দেশের কয়েকটি জেলার বিভিন্ন গ্রামে ইদ উদযাপন করা হবে। গ্রামের বাড়িতে থাকা প্রিয়জনদের সঙ্গে ইদের আনন্দ ভাগাভাগি করতে রেল, সড়ক ও নৌপথে রাজধানী ছাড়ছেন অসংখ্য মানুষ। ফাঁকা হচ্ছে রাজধানী। এবার সুপ্রিম কোর্ট প্রাঙ্গণে জাতীয় ইদগাহে ইদের প্রধান জামাত সকাল সাড়ে ৮টায় অনুষ্ঠিত হবে। অন্যদিকে বরাবরের মতো বায়তুল মোকাররম জাতীয় মসজিদে ইদুল ফিতরের নামাজের পাঁচটি জামাত অনুষ্ঠিত হবে।

(জাগো এফএম ওয়েব পেজ : ০৯.০৪.২০২৪ প্রতীক)

## ময়মনসিংহে সড়ক দুর্ঘটনায় একই পরিবারের তিনজনসহ নিহত ৮

ময়মনসিংহে পৃথক তিন সড়ক দুর্ঘটনায় একই পরিবারের তিনজনসহ আটজন নিহত হয়েছেন। মঙ্গলবার (৯ মার্চ) সকাল থেকে দুপুর ২টা পর্যন্ত এসব ঘটনা ঘটে। এতে জেলা সদরে তিনজন, ত্রিশালে চারজন ও তারাকান্দায় একজন নিহত হয়েছেন। কোতোয়ালি মডেল থানার ওসি (তদন্ত) আনোয়ার হোসেন জানান, ময়মনসিংহ-টাঙ্গাইল মহাসড়কে ল্যাংড়াবাজার এলাকায় টাঙ্গাইলগামী বাসের পিছনে মাহেন্দ্র গাড়ি ধাক্কা দেয়। এতে ঘটনাস্থলে একই পরিবারের তিনজন মারা যান। এ ঘটনায় আহত হয়েছেন আরও সাতজন। নিহতরা শেরপুর জেলার ঝিনাইগাতী উপজেলার দিঘীরপাড় এলাকার বাসিন্দা। স্বামী-স্ত্রী দুজনে ভালুকার মাস্টার বাড়ি এলাকায় একটি গার্মেন্টসে চাকরি করতেন। ইদের ছুটিতে তারা বাড়ি ফিরছিলেন। ত্রিশাল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) কামাল হোসেন জানান, দুপরে ত্রিশালে বালিপাড়া রোডে বাসের ধাক্কায় দাঁড়িয়ে থাকা অটোরিকশা দুই যাত্রী নিহত হয়েছে। একই উপজেলার পৌর এলাকার দরিরামপুর এলাকায় ঢাকা-ময়মনসিংহ মহাসড়কে একটি পিক-আপে ইউটার্ন নেওয়ার সময় ময়মনসিংহগামী বাসের ধাক্কায় পিকআপের দুই যাত্রী নিহত হয়েছেন। এছাড়াও তারাকান্দা উপজেলার ধোবাউড়া সড়কে দুর্ঘটনায় একজন মারা গেছেন বলে জানিয়েছেন পুলিশ।(জাগো এফএম ওয়েব পেজ : ০৯.০৪.২০২৪ প্রতীক)

# BBC

## TOGETHER IN WONDER: NORTH AMERICA AWED BY TOTAL SOLAR ECLIPSE

Across Mexico, the US and Canada , inside a ribbon of land stretching 155 miles wide but more than 4,000miles long , tens of millions of people craned their necks , tilted their heads to the sky and watched in wonder as the day turned to night. What many saw on Monday was a phenomenon like no other: the Moon moving between the Earth and the Sun, extinguishing its light in a total solar eclipse. The path of totality spanned the continent, beginning over the warm sands of a Mexican beach town and darkening the skies above the crashing waters of Niagra Falls before ending its journey on the shores of Canada's Newfoundland. (BBC Web Page: 09/04/24, FARUK)

## ISRAEL'S GAZA WITHDRAWAL HINTS AT WHAT COMES NEXT

The Israeli troop withdrawal from Gaza announced on Sunday was greeted with widespread surprise, even as the Israeli army and government have been at pains to stress that it has no

great significance. But to a world that has watched the intensity of Israel's bombardment, the idea that there was now just one brigade left in the entire enclave seemed to signify some major shift in the war. And then there was the timing of the announcement - on the very day that marked the grim milestone of six months since the Hamas-led assault on Israel ignited this latest and bloodiest phase in the conflict between Israel and the Palestinians. (BBC Web Page: 09/04/24, FARUK)

**RECORD HOT MARCH SPARKS UNCHARTED TERRITORY FEAR**

Climate change could move "into uncharted territory" if temperatures don't fall by the end of the year, a leading scientist has told the BBC. The warning came as data showed last month was the world's warmest March on record, extending the run of monthly temperature records to 10 in a row. It's fuelled concerns among some that the world could be tipping into a new phase of even faster climate change. A weather system called El Nino is behind some of the recent heat. Temperatures should temporarily come down after EL Nino peters out in coming my months , but some scientists are worried they might not. (BBC Web Page: 09/04/24, FARUK)

**PANAMA PAPERS MONEY-LAUNDERING TRIAL BEGINS**

The trial of 27 people charged in connection with the Panama Papers money laundering scandal has started in a Panamanian criminal court. The leak of secret financial documents in 2016 revealed how some of world's wealthiest people stashed their assets in offshore companies. The defendants include Jurgen Mossack and Ramon Fonseca Mora who founded the now defunct law firm, Mossack Fonseca. They face money-laundering charges but say neither they, the firm nor its employees were involved in unlawful acts. In 2017, the firm said it was the victim of a computer hack and that the information leaked was being misrepresented. (BBC Web Page: 09/04/24, FARUK)

**ONE DEAD AS BRIDGE FALLS ON RAILWAY IN RUSSIA**

A road bridge has collapsed on railway tracks in western Russia, killing a woman and injuring another five people, local officials say. All train traffic was halted after Monday's incident in the town of Vyazma, Smolensk region, they say. About 8,000 households were without gas as pipelines were also damaged. The cause of the Paninsky overpass's collapse is being investigated. One news channel suggests it was most likely because of its old age. (BBC Web Page: 09/04/24, FARUK)

**DATE FOR PLANNED RAFAH OFFENSIVE SET: NETANYAHU**

Prime Minister Benjamin Netanyahu has said Israel has set a date for its planned offensive in Gaza's city Rafah. His government has been signalling its intentions to launch a military operation in the southern city, where more than 1.5m Palestinians are sheltering, for several weeks. Mr Netanyahu said the planned offensive was necessary for the elimination of terrorist battalions there. World leaders have urged Israel not to go ahead with the plan for weeks. In a joint intervention on Tuesday, the leaders of Egypt, France and Jordan warned Israel the offensive would dangerous consequences and threaten regional escalation. (BBC Web Page: 09/04/24, FARUK)

**MISSILE ATTACK KILLS TANZANIAN SOLDIERS IN DR CONGO**

A mortar attack in the east of the Democratic Republic of Congo has killed three soldiers from a southern African military force. All of those who died were from Tanzania. Three others were hurt. "Hostile" missile fire "fell near the camp where they were staying", said the Southern African Development Community (SADC) on Monday. A source has told the BBC that the attack took place at a base for tanzanian soldiers in Sake on Saturday. SADC has not confirmed these details or said who was responsible for the attack on its soldiers. (BBC Web Page: 09/04/24, FARUK)

**LEO VARADKAR OFFICIALLY RESIGNS AS IRISH PM**

LEO Varadkar has said he has no regrets about standing down as he officially resigned as Irish prime minister. He met with President Michael D Higgins in Dublin and tendered his resignation on Monday evening. The president's wife, Sabina Higgins, was also in attendance at Aras an Uachtarain. After spending four years as prime minister, Mr Varadkar said he was now looking forward to a different chapter. Mr Varadkar became Ireland's youngest PM at the age 38 in 2017. (BBC Web Page: 09/04/24, FARUK)

**GERMANY FACES GENOCIDE CASE OVER ISRAEL WEAPONS SALES**

Nicaragua has asked the UN's highest court to halt German weapons sales to Israel at the start of a landmark case. Germany is accused of breaching the UN genocide convention by sending military hardware to Israel and ceasing funding of the UN's aid agency. Berlin rejects the claims and will present a defence to the International Court of Justice (ICJ) on Tuesday. In 2023 some 30% of Israel's military equipment purchases came from Germany, totalling €300m. (BBC Web Page: 09/04/24, FARUK)

## ::THE END::